১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




বৃহস্পতিবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ২০০ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৯ শ্রাবণ ১৪৩০ ॥ ১৫ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ০৩ আগস্ট ২০২৩

# বিএনপি ক্ষমতায় থাকলে লুট করে, না থাকলেও ধ্বংসযজ্ঞ চালায় : প্রধানমন্ত্রী





**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি কত মানুষ পুড়িয়ে মেরেছে, এরা মানুষের জাত না- বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, 'তারা ক্ষমতায় থাকলে লুট করে। আর ক্ষমতায় না থাকলেও ধ্বংসযজ্ঞ চালায়। তারা শুধু জ্বালাও-পোড়াও আর ধ্বংসই করতে পারে। খালেদা জিয়া ও তার কুপুত্র তারেক জিয়া লুটপাট করতে জানে। তারা ধ্বংস করে আর আমরা সৃষ্টি করি। নৌকা ক্ষমতায় এলে কাজ হয় আর অন্য কেউ এলে কোনো কাজ হয় না।'

গতকাল বুধবার বিকেলে রংপুর জিলা স্কুল মাঠে আয়োজিত আওয়ামী লীগের জনসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

তিনি বলেন, 'অনেক সংগ্রামের পথ বেয়ে অনেক আন্দোলন করে গণতন্ত্র ফিরিয়ে দিয়েছি। মানুষ এখন শান্তিতে ভোট দিতে পারে। ভোট দেওয়ার জন্য ভোটার তালিকাও করেছি। আমরা প্রত্যেক এলাকায় উন্নয়নের জন্য কাজ করেছি। নারীদের জন্য কাজের সুবিধা করে দিয়েছি। আমাদের কাজের লক্ষ্য দেশের ভাগ্য পরিবর্তন করা, দেশের মানুষের ভাগ্য উন্নতি করা। এ অঞ্চলে জীবনেও দুর্ভিক্ষ দেখা দেবে না, মঙ্গা দেখা দেবে না। বাংলাদেশে কোনো ভূমিহীন মানুষ থাকবে না। তিস্তা মহাপরিকল্পনা বাস্তায়নও করবো।'

বাংলাদেশে বিদ্যুতের আর কোনো সমস্যা থাকবে না জানিয়ে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমরা ওয়াদা দিয়েছিলাম সব ঘরে ঘরে বিদ্যুৎ দেব, আজকে আমরা ঘরে ঘরে বিদ্যুৎ দিতে পেরেছি। কয়লার দাম ও গ্যাসের দাম বেড়ে যাওয়ায় বিদ্যুৎ নিয়ে কয়েকদিন কষ্ট হয়েছে। এরপর এখন ঠিক হয়ে গেছে। বিদ্যুতের আর কোনো সমস্যা থাকবে না। আমি খালি হাতে আসিনি। আপনাদের জন্য উপহার নিয়ে এসেছি। কতগুলো প্রকল্প উদ্বোধন করেছি। যাতে প্রত্যেকটা উন্নয়ন তরান্বিত হয় তার ব্যবস্থা করেছি।'

তিনি বলেন, গাইবান্ধায় বিশাল সোলার তৈরি করে দেওয়া হয়েছে। ২০০ মেগাওয়ার্ড বিদ্যুৎ সেখান থেকে আসবে। সেই ব্যবস্থা করেছি। আমি খালি হাতে আসিনি। আপনাদের জন্য উপহার নিয়ে এসেছি। কিছুক্ষণ আগে আমি কতগুলো প্রকল্প উদ্বোধন করেছি। যাতে প্রত্যেকটা উন্নয়ন তরান্বিত হয় তার ব্যবস্থা করেছি। একই সঙ্গে এতো প্রকল্প কেউ করে দিয়েছে কী না আমি জানি না।

জাতির পিতাকে অবৈধভাবে হত্যার পর মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা হয়েছিল। সে সময় বিভিন্ন প্রত্যন্ত অঞ্চল ঘুরেছেন জানিয়ে আওয়ামী লীগ সভাপতি বলেন, 'দেখেছি মানুষের হাহাকার। আমাদের প্রতিজ্ঞা ছিল যখন সরকার গঠন করতে পারবো তখন মানুষের ভাগ্য পরিবর্তন করতে পারবো। আমার বাবা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যেসব স্বপ্ন দেখে গেছেন- তা পূরণ করছি। দেশের দারিদ্র্যের হার কামাতে পেরেছি। ক্ষুধামুক্ত দেশ করতে পেরেছি।'

আওয়ামী লীগের ক্ষমতায় রংপুরে কোনোদিন মঙ্গা হয় নাই উল্লেখ করে শেখ হাসিনা বলেন, 'এ দল সরকারে এলে এবং নৌকায় ভোট দিলে- মানুষের ভাগ্য পরিবর্তন হয়- আমরা তা প্রমাণ করেছি। খালেদা জিয়া মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলেছে। আমরা ক্ষমতায় আসার পর এসবের পরিবর্তন হয়েছে। সাড়ে ১৪ বছর যুবকদের জন্য কর্মসংস্থান আমরা করতে পেরেছি। ট্রেনিং দিয়েছি, কাজের ব্যবস্থা করেছি।'

তিনি বলেন, 'রংপুরকে বিভাগ হিসেবে প্রতিষ্ঠিত করেছে আওয়ামী লীগ সরকার। আওয়ামী লীগ কৃষকের বন্ধু। কৃষকদের জন্য কুড়িগ্রামে ১০ টাকায় ব্যাংক অ্যাকাউন্ট খোলার ব্যবস্থা করে দিয়েছি। সারের দাম কমিয়ে দিয়েছি। অথচ খালেদা জিয়া ক্ষমতায় থাকতে কৃষক সার চাইলে গুলি করে হত্যা করেছেন।'

এর আগে দুপুর ২টায় তেজগাঁও বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী হেলিকপ্টারটি রংপুর সেনানিবাস হেলিপ্যাডে পৌঁছায়। এরপর সড়কপথে সার্কিট হাউজে যান প্রধানমন্ত্রী। সেখানে বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সভায় অংশ নেন আওয়ামী লীগ সভাপতি।

দুপুর সোয়া ১২টায় জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে শুরু হয়েছে জনসভার কার্যক্রম। রংপুরের ঐতিহাসিক জিলা স্কুল মাঠ নেতাকর্মীদের উপস্থিতিতে কানায় কানায় ভরে যায়। মাঠ ২-এর পাতায় দেখুন

## দেশের সবচেয়ে বড় সৌরবিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** উদ্বোধন হলো দেশের সবচেয়ে বড় সৌরবিদ্যুৎ কেন্দ্র তিস্তা সোলার লিমিটেড। বুধবার (২ আগস্ট) দুপুরে রংপুর জিলা স্কুল মাঠের সমাবেশ থেকে গাইবান্ধার সুন্দরগঞ্জে বেক্সিমকো পাওয়ার নির্মিত দুইশ মেগাওয়াটের এই বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসি-না।

গত ডিসেম্বর থেকে কেন্দ্রটির বিদ্যুৎ যুক্ত হচ্ছে জাতীয় গ্রিডে। গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় অনাবাদি চরের সাড়ে ছয়শ একর জমিতে গড়ে উঠেছে দেশের সবচেয়ে বড় ও এশিয়ার অন্যতম বড় সৌর বিদ্যুৎ কেন্দ্র। তিস্তা সোলার লিমিটেড নামের এই কেন্দ্রটি গড়ে তুলেছে বেক্সিমকোর গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান বেক্সিমকো ২-এর পাতায় দেখুন

## আওয়ামী লীগের সমাবেশকে ঘিরে রংপুরে জনতার ঢল

**নিজস্ব প্রতিবেদক :** রংপুরে আওয়ামীলীগের জনসভায় জনতার ঢল নেমেছে। জনসভার কেন্দ্রস্থল রংপুর জিলাস্কুল মাঠ কানায় কানায় পরিপূর্ণ হয়ে আশ-পাশের এলাকা ভরে গেছে। জনসভার স্থল জিলা স্কুল মাঠে তিল ধারণের স্থান নেই। দুপুর ১টা নাগাদ জনসভার কার্যক্রম শুরু হয়। এর আগেই মাঠ কানায় কানায় পরিপূর্ণ হয়ে যায়। সকাল থেকেই দলীয় নেতাকর্মী ও সমর্থকরা মিছিল নিয়ে নগরীর বিভিন্ন রাস্তা দিয়ে জনসভাস্থলে আসতে থাকে। দুপুরের আগেই মাঠ কানায় কানায় ভরে যায়। স্থানীয় ও কেন্দ্রীয় নেতাদের বক্তব্য চলতে থাকে।

বুধবার সকাল থেকেই রংপুর নগরীসহ বিভাগের আট জেলার নেতাকর্মীরা আসতে থাকেন। দুপুর ১টার আগেই ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় ২ শতাধিক পরিবারের মাঝে ৬ লাখ টাকার চেক ও ২০০ বান ঢেউটিন বিতরণ করলেন আব্দুল হাই এমপি



**সম্রাট হোসেন, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বিভিন্ন এলাকার গরিব অসহায় ২শত মানুষের মাঝে সরকারি ঢেউ টিন ও নগদ অর্থ বিতরণ করা হয়েছে। বুধবার সকালে উপজেলা চত্বরে এসব বিতরন করা হয়। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, অষ্টম, ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বারবার নির্বাচিত সংসদ সদস্য, স্বাধীনতা যুদ্ধে

## বারবার কেন বেগম জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেছেন ফখরুল?

**নিজস্ব প্রতিবেদক :** গত রাতে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে একান্ত সাক্ষাৎ করেছেন। ফিরোজায় গিয়ে একঘণ্টা তিনি বেগম খালেদা জিয়ার সঙ্গে কথা বলেন। এ নিয়ে গত একমাসে তৃতীয়বারের মতো বিএনপি মহাসচিব বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করলেন।

সাম্প্রতিক সময়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীর উত্তরার বাসা ছেড়ে ফিরোজার পাশাপাশি একটি বাসা নিয়েছেন এবং সেখানেই তিনি অবস্থান

## তারেকের ৯, জোবাইদার ৩ বছরের কারাদণ্ড



**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা. জোবাইদা রহমানকে কারাদণ্ড দিয়েছেন আদালত। অবৈধ সম্পদ অর্জন ও সম্পদের তথ্য গোপনের দায়ে তারেক রহমানকে ৯ বছরের আর তাকে সহায়তা করার জন্য জোবাইদাকে ৩ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

গতকাল বুধবার বিকাল ৪টায় ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. আসাদুজ্জামানের আদালত এ রায় ঘোষণা করেন।

এ ছাড়া রায়ে তারেক রহমানকে ৩ কোটি টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত। এই অর্থ অনাদায়ে আরও তিন মাস সাজা ভোগ করতে হবে তাকে। আর জোবাইদাকে ৩৫ লাখ টাকা জরিমানা করা হয়েছে। এই টাকা অনাদায়ে তাকেও আরও এক মাস সাজা ভোগ করতে হবে।

এদিকে তারেক রহমানের জব্দকৃত ২ কোটি ৭৪ লাখ ৯৩ হাজার ৮৭ টাকার সম্পদ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হয়েছে। দুই আসামি পলাতক থাকায় তাদের বিরুদ্ধে নতুন করে সাজা পরোয়ানাসহ গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।

রায়ে আদালত বলেছেন, আসামিরা গ্রেফতার হওয়ার পর অথবা কোনো আদালতে আত্মসমর্পণের পর এই রায় কার্যকর হবে।

উল্লেখ্য, ২০০৭ সালের ২৬ সেপ্টেম্বর রাজধানীর কাফরুল থানায় তারেক ও জোবায়দার বিরুদ্ধে মামলা হয়। মামলাটি করেন দুদকের উপ-পরিচালক জহিরুল হুদা। এতে তাদের বিরুদ্ধে ২-এর পাতায় দেখুন

## বেসরকারি ক্লিনিকে গেলেই সিজার করিয়ে দেওয়া হয় : স্বাস্থ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবদেক :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, ডেলিভারির রোগী বেসরকারি ক্লিনিক-হাসপাতালে গেলেই সিজার করিয়ে দেওয়া হয়, যদিও বেশিরভাগই অপ্রয়োজনীয়। এ বিষয়ে সবাইকে সতর্ক হতে হবে। গতকাল বুধবার (২ আগস্ট) দুপুরে রাজধানীর বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হলে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশে এখন সি-সেকশনের হার ৭০ শতাংশ।

### ঝিনাইদহে সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপারের মতবিনিময়

## সামাজিক সমস্যা সামাজিক আন্দোলনের মাধ্যমেই সমাধান করতে চাই-নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান



**নিজস্ব প্রতিবেদক : মিথ্যা ও গুজব যেন না ছড়ায় সেজন্য সাংবাদিকদের সতর্ক অবস্থানে থাকার আহ্বান জানিয়েছেন ঝিনাইদহের নবাগত পুলিশ সুপার** আজিম-উল-আহসান। ঝিনাইদহে কর্মরত সাংবাদিকদের সাথে মতবিনিময় এ কথা বলেন তিনি। বুধবার সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে নানা সমস্যা সামাজিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সেসময় তিনি আরো বলেন, ঝিনাইদহ থেকে মাদক, সন্ত্রাসসহ সকল প্রকার অন্যায় অপরাধ দুর করতে পুলিশ বিভাগকে সহযোগিতা করার আহ্বান জানাচ্ছি। সকলের প্রচেষ্টায় আমরা ঝিনাইদহকে ভালো রাখতে চাই। সামাজিক ২-এর পাতায় দেখুন

## দেশে আইনের শাসন আছে তারেক ও জোবায়দার সাজা তারই প্রতিফলন : আইনমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** দেশে যে আইনের শাসন আছে, তারেক রহমান ও তার স্ত্রী জোবায়দা রহমানের সাজার রায় তারই প্রতিফলন বলে মন্তব্য করেছেন আইন, বিচারও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক।

গতকাল বুধবার রায় ঘোষণার পর সচিবালয়ে নিজ দপ্তরে আইনমন্ত্রী প্রতিক্রিয়ায় সাংবাদিকদের এ কথা বলেন।

সম্পদের তথ্য গোপন ও জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৯ বছরের কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে তারেকের স্ত্রী ডা. জোবায়দা রহমানের তিন বছরের কারাদণ্ডের ২-এর পাতায় দেখুন

## নির্বাচনের অযোগ্য হলেন তারেকের স্ত্রী ডা. জোবাইদা

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী ডা. জোবাইদা রহমানও শেষ পর্যন্ত নির্বাচনের অযোগ্য হিসেবে বিবেচিত হলেন।

সম্পদের তথ্য গোপন এবং জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে ৯ বছর এবং তার স্ত্রী ডা. জোবাইদা রহমানের ৩ বছর কারাদণ্ড দিয়েছেন আলাদত। একই সঙ্গে ২ কোটি ৭৪ লাখ টাকার সম্পদ বাজেয়াপ্ত ঘোষণা করা হয়েছে। তারা দুজন পলাতক থাকায় গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৪টা ২ মিনিটে ঢাকা মেট্রোপলিটন ২-এর পাতায় দেখুন

## কোকোর স্ত্রী শর্মিলার সঙ্গে সরকারের গোপন যোগাযোগ ?

**নিজস্ব প্রতিবেদক :** ২০১৮ সালে জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতির মামলায় ১০ বছর এবং জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতির মামলায় সাত বছরের সাজা হয়েছিল খালেদা জিয়ার। ওই সময় থেকে তাকে বকশিবাজারের পুরাতন কারাগারে রাখা হলেও পরে তাকে শর্ত সাপেক্ষে মুক্তি দেওয়া হয়। ২০১৮ থেকে ২০২৩ সাল পর্যন্ত ৫ বছর সময়ে বেগম খালেদা জিয়ার সাথে যারা সবচেয়ে বেশি যোগাযোগ রেখেছেন তাকে দেখতে এসেছেন তাদের মধ্যে অন্যতম হলে খালেদা জিয়ার ছোট ছেলে আরাফাত রহমান কোকোর স্ত্রী শর্মিলা রহমান সিঁথি।

কোকোর মৃত্যুর পর শর্মিলা রহমান তার দুই কন্যাকে নিয়ে ২-এর পাতায় দেখুন

## পুলিশের বিরুদ্ধে আসবাবপত্র তছনছ ও অর্থ লুটের অভিযোগ




**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার খাসকররা পুলিশ ক্যাম্পের এসআই ফরিদুল ইসলামের বিরুদ্ধে বাড়িতে ঢুকে আসবাবপত্র তছনছ, গালিগালাজ ও আলমারি খুলে দুই লক্ষ টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগ করেছেন খাসকররা ইউপি চেয়ারম্যান তাফছির আহমেদ মল্লিক লাল। বুধবার বেলা ২টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবে এসে সাংবাদিকদের কাছে লিখিত অভিযোগ করেন তিনি। অভিযোগে দাবী করা হয়েছে, গত মঙ্গলবার ভোর ৪টার দিকে এসআই ফরিদুল ইসলাম সঙ্গে অন্যান্য পুলিশ নিয়ে চেয়ারম্যানের আলমডাঙ্গা ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে যুবদল ও ছাত্রদলের বিক্ষোভ মিছিল

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমান ও তার স্ত্রী ডাঃ জুবাইদা রহমানকে দুদকের মামলায় কারাদন্ড প্রদানের প্রতিবাদে তাৎক্ষনিক ভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ঝিনাইদহ জেলা যুব ও ছাত্রদলের কর্মীরা। বুধবার বিকালে রায় ঘোষনার পরপরই শহরের নতুন হাটেখোলা থেকে এই মিছিল শুরু ২-এর পাতায় দেখুন

## হরিণাকুন্ডুতে মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ আত্মহত্যা, বাল্যবিবাহ বিষয়ে আলোচনা সভায় জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম




**আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ আত্মহত্যা, বাল্যবিবাহ বিষয়ে আলোচনা সভায় অনুষ্ঠিত। হরিণাকুন্ডু উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহের জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা পরিদের চেয়ারম্যানমোঃ জাহাঙ্গীর হুসাইন, উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহাসহ অন্যান্যরা।

পরীক্ষামূলক সম্প্রচার চলছে
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
IPTV

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

বৃহস্পতিবার ০৩ আগস্ট ২০২৩

# ৩ মাস সুন্দরবনে প্রবেশ নিষেধ হাজার হাজার পরিবার বিপাকে



**কে,এম আনিছুর রহমান, শ্যামনগর :** বিশ্ব ঐতিহ্যের আপার লীলাভূমি সুন্দরবন। এটি পৃথিবীর সব থেকে বড় ম্যানগোভ বনাঞ্চল। ২০১৯ সাল থেকে প্রতি বছর জুন থেকে আগস্ট মাস পর্যন্ত সুন্দরবনের নদী ও খালে মাছ আহরণ থেকে শুরু করে সকল ধরনের প্রবেশ ও বনজ সম্পদ আহরণ বন্ধ রাখে বন বিভাগ। এ বছর ১লা জুন থেকে এই নিষেধাজ্ঞা শুরু হয়। এতে বিপাকে পড়েছেন জেলে-বাওয়ালিসহ সুন্দরবন কেন্দ্রিক পর্যটনে জড়িতরা।

শ্যামনগরের বুড়িগোয়ালিনী ইউনিয়নের দাতিনাখালী গ্রামের সিদ্দিক গাজী বলেন, 'সুন্দরবনের পাস বন্ধ ডাঙায়ও কাজ নেই। বেকার বসে আছি। সংসার চালাতে খুব কষ্ট হচ্ছে। শিশুদের ওষুধও কিনতে পারছি না।

গাবুরা ইউনিয়নের সোরা গ্রামের বাওয়ালি ইউনুচ শেখ বলেন, 'আমরা বাপ-দাদার আমল থেকে বন করে খাই। পাস পারমিট বন্ধ করে দেয়ায় খেয়ে না খেয়ে দিন কাটাচ্ছি। সরকারি সুযোগ-সুবিধাও পাচ্ছি না।

নীলডুমুর ট্রলার মালিক সমিতির সভাপতি মো: খোদাবক্স সাহেব বলেন,তিন মাস সুন্দরবনে প্রবেশ নিষেধ। জেলে, বাওয়ালি, পর্যটক কেউই সুন্দরবনে প্রবেশ করতে পারছে না। জেলে বাওয়ালিদের পাশাপাশি ট্রলার মালিক ও শ্রমিকদেরও দুর্দিন চলছে। কারণ এখানকার ট্রলারগুলো শুধু পর্যটকদের জন্য। জলে-বাওয়ালিসহ পর্যটন সংশ্লিষ্টদের সরকারি সহায়তা দেয়ার দাবি জানান তিনি।

এসব পরিবারের সদস্যরা সুন্দরবন, নদী ও সাগরে মাছ, কাঁকড়া ও বনজ সম্পদ আহরণ এবং পর্যটক গাইড হিসেবে কাজ করে জীবিকা নির্বাহ করেন।

জেলে-বাওয়ালিসহ পর্যটন সংশ্লিষ্টদের সরকারি সহায়তা দেয়ার দাবি জানান তিনি।

এসব পরিবারের ২-এর পাতায় দেখুন

## আন্দোলনে দিকভ্রান্ত বিএনপি ফের কূটনীতিকদের দ্বারে দ্বারে

**নিজস্ব প্রতিবেদক :** গতকাল বুধবার দুপুর ২টায় রাজধানীর গুলশানে একটি হোটেলে কূটনীতিকদের সাথে আবার বসছে বিএনপি। 'সরকারের পদত্যাগের এক দফা' দাবিতে আন্দোলনের ঘোষণা দিয়েছে বিএনপি। সেই এক দফা আন্দোলন বাস্তবায়নের অংশ হিসেবে গত ২৮ জুলাই ঢাকায় মহাসমাবেশ করে বিএনপি এবং সেই মহাসমাবেশ থেকে ২৯ জুলাই ঢাকার বিভিন্ন প্রবেশমুখে অবস্থান কর্মসূচির ঘোষণা দেয় বিএনপি। কিন্তু সেই কর্মসূচিতে সহিংসতায় জড়িয়ে পরে দলটি।

বিএনপি যে আবার সহিংস জালাও-পোড়াও রাজনীতিতে ফিরে যাচ্ছে সেটি জাতীয় এবং আন্তর্জাতিক মহলে ব্যাপক সমালোচিত হয়। কূটনৈতিকরাও বিএনপির এই হটকারিতায় অবাক হয়ে যায়। এরকম বাস্তবতায় আজ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর দুপুরে কূটনীতিকদের মধ্যাহ্নভোজে আপ্যায়িত করবেন।

জানা গেছে যে এই কূটনীতিকদের সাথে বৈঠকের প্রধান লক্ষ্য হবে ২৯ জুলাইয়ের ঘটনার ব্যাখ্যা দেওয়া এবং বিএনপির পক্ষ থেকে বলা হবে যে এই ঘটনা তারা ঘটায়নি। বরং এগুলো আওয়ামী লীগেরই কারসাজি। অন্যদিকে কূটনৈতিকরা তাদেরকে শান্তিপূর্ণ আন্দোলন এবং নির্বাচনে যাওয়ার বিষয়টি নিয়ে বার্তা দেবেন বলে জানা গেছে।

# মহেশপুরে নিজ অর্থায়নে এলাকার উন্নয়ন করে দৃষ্টান্ত স্থাপন করলেন চেয়ারম্যান জিন্টু



**মোঃ আজাদ, মহেশপুর :** দেশ স্বাধীনের ৫২ বছর পর উন্নয়ন হলো ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়নের ভোলাডাঙ্গা গ্রামের। বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু সরকারী অনুদান না পেয়ে নিজের অর্থায়নে ভোলাডাঙ্গা বাজারে মাটি ভরাটসহ চারটি রাস্তা, ভোলাডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট, ঈদ গায়ের মাঠে মাটি ভরাটসহ রাস্তা নির্মান ও ভোলাডাঙ্গা বাজারের নিচ দিয়ে বয়ে যাওয়া কোদলা নদী খনন করে দৃষ্টান্ত স্থাপন করেছেন। হিন্দু সম্পদায়ের শেষ ঠিকানা অবহেলিত শ্মশান ঘাটের রাস্তাটি তিনি উপজেলা পরিষদের মাধ্যমে নির্মান করে দিয়েছেন।

এলাকাবাসী জানান, এলাকার এম,পি,উপজেলা পরিষদের চেয়ারম্যান, জেলা পরিষদসহ সরকারের বিভিন্ন দপ্তরে ভোলাডাঙ্গা বাজারের মাটি ভরাট,রাস্তা নির্মান ও স্কুলের মাঠে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ১৪ দিন ব্যাপী বৃক্ষ মেলার সমাপনী অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** 'গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি' এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে শেষ হয়েছে ১৪ দিন ব্যাপী বৃক্ষ মেলা। গত রোববার ঝিনাইদহ সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এ মেলার সমাপনী অনুষ্ঠিত হয়। ঝিনাইদহের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বারবার নির্বাচিত সংসদ সদস্য, স্বাধীনতা যুদ্ধে ঝিনাইদহে বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলনকারী, সাবেক প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই। বিশেষ অতিথি ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। এছাড়াও ঝিনাইদহ বন বিভাগ'র সহকারী বন সংরক্ষক খোন্দকার মোঃ গিয়াসউদ্দিন বক্তব্য রাখেন। সমাপনী ২-এর পাতায় দেখুন

## অতিরিক্ত আইজিপি হলেন ৩ কর্মকর্তা

**নিজস্ব প্রতিবেদক :** পুলিশের তিন কর্মকর্তা অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি পেয়েছেন।

গতকাল বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সহকারী সচিব মো. মাহাবুর রহমান শেখ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

পদোন্নতি পাওয়া কর্মকর্তারা হলেন- জাতীয় গোয়েন্দা সংস্থার পরিচালক সেলিম মো. জাহাংগীর, ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য ও ট্যুরিস্ট পুলিশের প্রধান হাবিবুর ২-এর পাতায় দেখুন

## জমি জবর দখলকারীর বিরুদ্ধে অভিযোগ করেও মিলছে না প্রতিকার



**মাজহারুল ইসলাম শাওন, সরিষাবাড়ী :** জামালপুরের সরিষাবাড়ীতে জমি পরিমাপকারী (আমিন) আনোয়ার হোসেনের বিরুদ্ধে জমি জবর দখলের অভিযোগ উঠেছে। জমি পরিমাপের নামে বিবাদ তৈরি করে টাকা হাতিয়ে নেওয়াসহ জমি জবরদখল করাই তার কাজ। ভুক্তভোগীরা সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ করেও প্রতিকার পাননি।

স্থানীয় ভুক্তভোগীরা জানান, উপজেলার পিংনা ইউনিয়নের কাওয়ামারা গ্রামের মৃত আমির আলী মুন্সির ছেলে আনোয়ার হোসেন। তিনি পিংনা ইউনিয়ন পরিষদ প্রায় ৩৫ বছর ধরে জমি পরিমাপকারী (আমিন) হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। দীর্ঘদিন ধরে আমিন হিসেবে দায়িত্ব পালন করে আসার সুযোগে জমি সংক্রান্ত বিষয়ে নানা জটিলতা সৃষ্টি করে আসছেন। বিরোধ নিষ্পত্তির বিষয়ে জমির সঠিক পরিমাপ না করে বিরোধ না মিটিয়ে ঝিঁইয়ে রাখেন আনোয়ার। নানা বাহানা সময় ক্ষেপান করে ২-এর পাতায় দেখুন

## ১২ কেজি এলপিজির দাম বাড়ল ১৪১ টাকা

**নিজস্ব প্রতিবেদক :** দেশে ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম ১২ কেজিতে এবার ১৪১ টাকা বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। এর আগের মাসে এটি ৭৫ টাকা কমেছিল।

ঘোষিত নতুন দর আজ বুধবার সন্ধ্যা ছয়টা থেকে কার্যকর হবে। আগস্টের জন্য প্রতি ১২ কেজির সিলিন্ডারের দর নির্ধারণ করা হয়েছে ১ হাজার ১৪০ টাকা। জুলাইয়ে এই দাম ছিল ৯৯৯ টাকা। এলপিজির ১২ কেজি সিলিন্ডার সবচেয়ে বেশি ব্যবহৃত হয় গৃহস্থালি রান্নার কাজে। গতকাল বুধবার বিইআরসি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে নতুন দর জানানো হয়। সংস্থাটি প্রতি ২-এর পাতায় দেখুন

## সাতক্ষীরার আশাশুনিতে বয়স্ক বিধবা নারীর মৃত্যু নিয়ে গুঞ্জন, খুন নাকি আত্মহত্যা, আটক ২

**সোহারাফ হোসেন সৌরাভ, সাতক্ষীরা :** সাতক্ষীরার আশাশুনিতে আয়েশা খাতুন (৬০) নামের এক বয়স্ক বিধবা মহিলার ঝুন্ত মৃতদেহ উদ্ধার করা হয়েছে। বুধবার সকাল ১০ টার দিকে আশাশুনির ফকরাবাদ গ্রামের নিজ বাড়ি থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। আয়েশা খাতুন আত্মহত্যা করেছেন নাকি তাকে বালিশ চাঁপা দিয়ে হত্যা করা হয়েছে,এনিয়ে এলাকায় ব্যাপক গুঞ্জন শুরু হয়েছে। এদিকে, পুলিশ নিহতের ছেলে রমজান আলী (৩২) ও ছেলে বউ মিনারা খাতুনকে গ্রেপ্তার করেছে।



আয়েশা খাতুন ফকরাবাদ গ্রামের মৃত আক্কাস মোল্যার স্ত্রী। মামলার বাদি নিহতের ভাই মোস্তাজুল ইসলামের স্ত্রী রাশিদা খাতুন জানান, আক্কাছ মোল্যার মৃত্যুর পর থেকে আয়েশা খাতুন ছেলের সংসারে থাকতেন। খাওয়া দাওয়া নিয়ে প্রায়ই ছেলে বউ তাকে বকাঝকা ও মারপিট করতো। বুধবার সকালে তার ছেলে রমজান ও বউমা মিনারা খাতুন তার সাথে প্রথমে বকাঝকা ও পরে মারপিট রু করে। গন্ডগোলের এক পর্যায়ে তারা বালিশ চাঁপা দিয়ে শ্বাসরোধ করে হত্যার পরে গলায় ওড়না পেচিয়ে ঘরের আড়ার সাথে ঝুলিয়ে দেয়। এরপর তিনি আত্মহত্যা করেছেন বলে চিৎকার করতে থাকলে প্রতিবেশি শিল্পী খাতুনসহ অন্যরা এগিয়ে এসে ওড়ানা কেটে তাকে আড়া থেকে নামান। তৎক্ষনাৎ ২-এর পাতায় দেখুন



## গাংনীতে বঙ্গবন্ধুর শাহাদত বার্ষিকীর প্রস্তুতিসভা

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০টার উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম। সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে গোভীপুর ফুটবল টুর্ণামেন্টে ময়ামারি একাদশ জয়ী



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার গোভীপুর ৬ষ্ট ভৈরব ক্লাব কাপ ফুটবল টুর্নামেন্টে ময়ামারি একাদশ জয়লাভ করেছে। মঙ্গলবার বিকেলে গোভীপুর বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত খেলায় ময়ামারি একাদশ ২-০ গোলে রায়পুর ফুটবল একাদশকে পরাজিত করে। খেলায় দ্বিতীয়ার্ধের ১১ মিনিটে জীবন এবং এর ১ মিনিট পরে সাব্বির ১ টি গোল করেন।ময়ামারি একাদশ খেলার প্রথমার্ধে অন্তত চারটি সহজ গোলের সুযোগ নষ্ট করে। খেলার বিজয়ী দলের জীবন ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার বিতরণ করা হয়। সজীব স্পোর্টসের পক্ষ থেকে ম্যান অব দ্য ম্যাচের পুরস্কার প্রদান করা হয়। টুর্নামেন্ট কমিটির আহবায়ক আলহাজ্ব মোহাম্মদ আলী রেজা বিচু ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার তুলে দেন। এ সময় ২-এর পাতায় দেখুন




## চুয়াডাঙ্গা পাসপোর্ট অফিসের কার্যক্রম বন্ধ

**নিজস্ব প্রতিবেদক :** বন্ধ হয়ে আছে চুয়াডাঙ্গা আঞ্চলিক পাসপোর্ট অফিসের সব কার্যক্রম। প্রতিষ্ঠানটির ইলেকট্রনিক্স সামগ্রী পুড়ে নিষ্ক্রিয় হয়ে পড়েছে গোটা সার্ভার। সার্ভার সচল না থাকায় গত তিনদিন ধরে বন্ধ আছে সব ধরনের পাসপোর্ট সেবা প্রদান কার্যক্রম। বারবার ২-এর পাতায় দেখুন

## দেশে মদ বিক্রিতে নতুন রেকর্ড, কেরু এ্যান্ড কোম্পানির নিট মুনাফা ৮০ কোটি টাকা



**নিজস্ব প্রতিবেদক :** ২০২২-২৩ অর্থবছরে ৫৯ লাখ ৬৭ হাজার প্রুফ লিটার মদ উৎপাদন হয়েছে। মদ বিক্রি করে আয় হয়েছে ৪৩৯ কোটি টাকা প্রায়। রাজস্ব জমা দেওয়ার পর মদ বিক্রি থেকে নিট আয় দাঁড়ায় ১৫২ কোটি টাকা। চিনিকল ছাড়া কেরু এ্যান্ড কোম্পানির সব ইউনিট এবার লাভের মুখ দেখেছে। ২০২২-২৩ অর্থবছরে রেকর্ড পরিমাণ মদ উৎপাদন ও বিক্রি করেছে কেরু এ্যান্ড কোম্পানি। এসময় ৫৭ লাখ ৭৩ হাজার প্রুফ লিটার মদ বিক্রি করে কোম্পানিটি আয় করেছে প্রায় ৪৩৯ কোটি টাকা। অন্যান্য পণ্যের আয়-ব্যয় মিলিয়ে ও রাজস্ব দেওয়ার পর গত অর্থবছরে কেরুর নিট (প্রকৃত) মুনাফা দাঁড়িয়েছে ৮০ কোটি টাকা। এর আগের অর্থবছরের চেয়ে যা প্রায় ১৩ কোটি টাকা বেশি।

## কাঁঠাল পাড়তে গিয়ে প্রাণ গেল স্কুলছাত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** বরগুনার বামনায় কাঁঠাল পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে মারা গেছে স্কুলছাত্রী সুখী (১৩)। শুক্রবার (৩০ জুন) দুপুরের পর উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের দক্ষিণ ভাইজোড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত সুখী ভ্যান চালক মো. খলিলুর রহমানের মেয়ে। সুখী ভাইজোড়া মাদ্রাসার ষষ্ঠ শ্রেণির ছাত্রী।

জানা গেছে, ওই স্কুল শিক্ষার্থীকে তাদের পাশের লতিফ মাস্টারের বাড়ির লোকজন কাঁঠাল পাড়তে গাছে উঠায়। কিন্তু শিক্ষার্থী গাছ থেকে ২-এর পাতায় দেখুন

## কু-প্রস্তাবে রাজী না হওয়ায় নারী কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারকে মারধর



**পাবনা প্রতিনিধি :** পাবনার সুজানগরে কু-প্রস্তাবে রাজি না হওয়ায় অফিস চলাকালীন দায়িত্বরত অবস্থায় চিত্রা রানী ভৌমিক (৪০) নামে এক নারী কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার(সিএইচসিপি) কে মারধর করে গুরুত্বর আহত করার অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে রবিবার সাতবাড়িয়া ইউনিয়নের কাদোয়া কমিউনিটি ক্লিনিকে। আহত চিত্রা রানী ভৌমিক গেল দুই দিন সুজানগর হাসপাতালে চিকিৎসানিয়ে বাসায় ফেরেন। সে কাদোয়া গ্রামের আশীষ কুমার ভৌমিকের স্ত্রী। এ ঘটনায় চিত্রা রানী ভৌমিক বাদী হয়ে কাদোয়া গ্রামের ২-এর পাতায় দেখুন

## অভয়নগরে পাষন্ড স্বামী কর্তৃক স্ত্রী'কে পুড়িয়ে মারার চেষ্টা!



**অভয়নগর প্রতিনিধি :** যশোরে অভয়নগরে পাষন্ড স্বামী আগুন দিয়ে স্ত্রী'কে পুড়িয়ে মারার চেষ্টা করেছে। এ কেমন বর্বরতা! এ ঘটনায় খবর পেয়েও পুলিশের নেই কোন ভূমিকা। উপজেলার সরখোলা গ্রামের হালদার আলীর মেয়ে আয়শা আক্তার তিলা (২৩)। তার পাষণ্ড স্বামী ইমরান সিকদার নড়াইল জেলার কালিয়া উপজেলার চানপাড়া গ্রামের রউফ সিকদারের ছেলে। ঘটনার পর থেকে স্বামী ইমরান সিকদার পলাতক রয়েছে।

জানা গেছে, তার স্বামী ইমরান শিকদার যৌতুকের দাবিতে অমানুষিক নির্যাতন করে শরীরে আগুন দিয়ে হত্যা করার চেষ্টা করেছে। এসময় প্রতিবেশীরা জানতে পেরে অহত অবস্থায় তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। গৃহবধূকে আগুনে পুড়িয়ে হত্যা চেষ্টাকারী স্বামীসহ ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন নিহত



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় লিটন (৪৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। এঘটনায় আহত হয়েছে সোহেল (৪০) ও সুরুজ (৩৭) নামের আরো দুইজন। মঙ্গলবার রাতে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা বাজিতপুর সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম। নিহত লিটন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের তাহাজুদ্দিনের ছেলে। এবং আহত সোহেল আমঝুপি গ্রামের বাবুর ছেলে, সুরুজ রাজাপুর গুচ্ছগ্রামের ২-এর পাতায় দেখুন

## গাংনীতে র‌্যাবের অভিযানে ফেনসিডিলসহ আটক ১



**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে র‌্যাবের অভিযানে ১৫ বোতল ফেনসিডিলসহ পলাশ আহম্মেদ (২৯) নামের এক জনকে আটক করা হয়েছে। আটককৃত পলাশ গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা গ্রামের মিনাজ আলীর ছেলে। মঙ্গলবার সন্ধ্যার দিকে র‌্যাব-১২ মেহেরপুরের গাংনীস্থ ক্যাম্পের সদস্যরা হাড়াভাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে। গাংনী র‌্যাব ক্যাম্প সূত্র জানায়, হাড়াভাঙ্গা গ্রামে ফেনসিডিল কেনা-বেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী র‌্যাব ক্যাম্প কমান্ডার ও সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামানের নেতৃত্বে র‌্যাবের একটি দল সেখানে অভিযান পরিচালনা করে। এসময় পলাশ ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## দুঃসময়ে ওষুধের কৃত্রিম সংকট ও দাম বৃদ্ধি কেন?

ডেঙ্গু প্রাণঘাতীও হয়ে উঠছে। প্রতিদিন প্রাণ হারাচ্ছে মানুষ। এ রোগের সঙ্গে সঙ্গে প্যারাসিটামল জাতীয় ট্যাবলেট ও সিরাপের চাহিদা ব্যাপক বেড়ে গেছে। গ্লুকোজ স্যালাইনেরও একই অবস্থা। এছাড়া ঘরে ঘরে জ্বর, সর্দি ও ঠাণ্ডাজনিত রোগী বৃদ্ধি পাওয়ায় প্যারাসিটামল জাতীয় ওষুধের চাহিদা স্বাভাবিকের চেয়ে কয়েকগুণ বেড়েছে। ঢাকার পাশাপাশি দেশের বিভিন্ন এলাকায় এসব ওষুধ সংকটের খবর গণমাধ্যমে আসছে। এমন পরিস্থিতিতে প্রয়োজনীয় ওষুধের সংকট উদ্বেগজনক। বহুল প্রচলিত ব্র্যান্ডের প্যারাসিটামল ওষুধের সরবরাহ নেই। কোম্পানির প্রতিনিধিরা চাহিদা অনুসারে ওষুধ দিচ্ছেন না। অন্যদিকে ওষুধ কোম্পানির প্রতিনিধিরা বলছেন, হঠাৎ করে প্যারাসিটামল ও স্যালাইন জাতীয় ওষুধের চাহিদা বেড়ে যাবে, তা আগে থেকে বোঝা যায়নি। ফলে উৎপাদন ও বাজারজাতকরণে বড় ধরনের ধাক্কা এসেছে। নাপা, নাপা এক্সট্রা, এইচ প্লাস, নাপা সিরাপ ও জিংক ট্যাবলেটসহ প্যারাসিটামল জাতীয় কয়েকটি কোম্পানির ওষুধের সংকট দেখা দিয়েছে। এ দুঃসময়ে ওষুধ না পেয়ে ভোগান্তিতে পড়েছে সাধারণ মানুষ। চাহিদার সঙ্গে বেড়েছে প্রয়োজনীয় ট্যাবলেটের দাম। চট্টগ্রাম, পটুয়াখালী, রংপুর অঞ্চলের দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, লালমনিরহাটসহ বিভিন্ন জেলা-উপজেলায় কৃত্রিম সংকট সৃষ্টি হয়েছে। অনেক জায়গায় ফার্মেসিতে ওষুধ না পেয়ে রোগী ও তাদের স্বজনরা হতাশ হয়ে বাড়ি ফিরছেন। আবার কোথাও কৃত্রিম সংকট তৈরির অভিযোগ মিলছে ফার্মেসি মালিকদের বিরুদ্ধে। ক্রেতাদের অভিযোগ, ঘরে ঘরে জ্বর-সর্দি বেড়ে যাওয়ায় লাভের আশায় ফার্মেসি মালিকরা এই কৃত্রিম সংকট সৃষ্টি করে সাধারণ মানুষকে দুর্ভোগে ফেলেছেন। বিক্রেতারা বলছেন, চাহিদার তুলনায় কোম্পানিগুলো আমাদের ওষুধ সরবরাহ করতে পারছে না। বিশেষ করে নাপা ট্যাবলেট, নাপা সিরাপ, এইচ ট্যাবলেট ও এইচ সিরাপের চাহিদা অন্য যে কোনো সময়ের তুলনায় কয়েক গুণ বেড়ে গেছে। চাহিদার তুলনায় ওষুধের সরবরাহ কম থাকায় সংকট দেখা দিয়েছে। এছাড়া অনেক মানুষ অপ্রয়োজনে আগে থেকেই এসব ওষুধ ঘরে মজুত রাখছেন। এ প্রবণতাকেও সংকটের জন্য দায়ী করছেন তারা। ওষুধ কোনো বিলাসী ভোগ্যপণ্য নয়। এর ওপর মানুষের জীবন-মরণ নির্ভর করে থাকে। এ ক্ষেত্রে ক্রেতার স্বার্থ রক্ষা করাই অনেক বেশি জরুরি। ওষুধের মূল্য বৃদ্ধির অন্যতম কারণ হিসেবে কোম্পানিগুলোর উচ্চাভিলাষী বিপণন নীতি ও অধিক মুনাফা করার প্রবণতাকে দায়ী করছেন বিশেষজ্ঞরা। ওষুধ কোম্পানিগুলোর অতি মুনাফা প্রবণতার বলি হচ্ছে সাধারণ মানুষ, এটি অনৈতিক। সরকারকে অবিলম্বে এদিকে দৃষ্টি দিতে হবে। কৃত্রিম সংকট সৃষ্টিকারী অসাধু ব্যবসায়ীদের এই মনোভাব অমানবিক। জীবন রক্ষাকারী ওষুধের সরবরাহ চালু রাখা জরুরি। এ বিষয়ে সংশ্লিষ্টরা প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলেই প্রত্যাশা। উদ্বেগের বিষয়, ওষুধের দাম নিয়ন্ত্রণে দেশে তেমন কোনো ব্যবস্থা নেই। কার্যত প্রায় গোটা ওষুধের বাজার নিয়ন্ত্রণ করছে ওষুধ শিল্প মালিক সমিতি। সরকারের আইনের দুর্বলতার কারণেই ওষুধের দাম নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না। এ জন্য আইন সংশোধন করা প্রয়োজন। এ সময়ে কেউ যদি ওষুধের সংকট তৈরি করে বা বেশি দাম নেয়, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা উচিত। শুধু তা-ই নয়, অভিযোগ পেলে সেখানে অভিযান পরিচালনা করতে হবে।

## শৈলকুপায় ২ শতাধিক পরিবারের

ঝিনাইদহে বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলনকারী, সাবেক প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি প্রধান অতিথি হিসেবে বিতরন করেন। এসময় দুইশত পরিবারের মাঝে ৩ হাজার টাকার চেক ও ১ বান করে ঢেউটিন প্রদান করা হয়। এসময় মোট ২০০ টি পরিবারের মাঝে ৬ লক্ষ টাকার চেক ও ২০০ বান ঢেউটিন বিতরণ করা হয়। এসময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মতিয়ার রহমান বিশ্বাস, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও হাকিমপুর ইউনিয়নের চেয়ারম্যান আলহাজ্ব শিকদার ওয়াহিদুজ্জামান, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল, মনোহরপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহিদ হোসেন, ফুলহরি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জামিনুর রহমান বিপুল, উপজেলা ছাত্রলীগের সভাপতি মিশন হোসেন, সাধারণ সম্পাদক বাবু হোসেন ও আওয়ামী লীগের নেতা কর্মীরা।

## সামাজিক সমস্যা সামাজিক আন্দোলনের

আন্দোলনের মাধ্যমেই আমরা সমাধান করতে চাই। মতবিনিময় সভায় পুলিশ সুপার আজিম-উল-আহসান, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান, ডিআইও ওয়ান আতিকুর রহমান, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ডিবি ওসি শাহীন উদ্দিনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারন সম্পাদক মাহমুদ হাসান টিপু,সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, নিজাম উদ্দিন জোয়ারদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

## ঝিনাইদহে যুবদল ও ছাত্রদলের

হয়। বিক্ষোভ মিছিলটি নতুন হাটখোলা থেকে শুরু হয়ে হামদহ এলাকার দিকে চলে যায়। যুবদলের এক প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয় মিছিল শেষে ঝিনাইদহ জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পাপপু, যুবদলের সভাপতি আহসান হাবিব রণক, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, মিজানুর রহমান সুজন, জেলা ছাত্রদলের সভাপতি এসএম সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, সাবেক ছাত্র নেতা আরিফুল ইসলাম আনন, যুবদল নেতা আবুল বাশার বাশি, ছাত্রদলের ইমরান হোসেন, মাসুম ও শাহরিয়ার রাসেল বক্তব্য রাখেন।

## পুলিশের বিরুদ্ধে আসবাবপত্র

শহরের স্টেশনপাড়ার বাড়িতে প্রবেশ করেন। এসআই ফরিদুল ইসলাম বাড়ির ভাড়াটিয়াদের ভয়ভীতি দেখিয়ে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। পরে দোতলায় চেয়ারম্যানের ফ্ল্যাটে তাকে না পেয়ে বাড়ির আসবাবপত্র তছনছ করতে থাকেন। এক পর্যায়ে ঘরের আলমারি খুলে দুই লক্ষ টাকা ছিনিয়ে নেয়। চেয়ারম্যান লাল বলেন, সম্প্রতি গ্রামের একটি সালিশকে কেন্দ্র করে প্রতিপক্ষরা আলমডাঙ্গা থানায় চেয়ারম্যান লালসহ চারজনের নামে অভিযোগ দাখিল করেন। এরই সূত্র ধরে এসআই ফরিদুল ইসলাম তার বাড়িতে এসে এসব করেন।
এসময় চেয়ারম্যানের সাথে উপস্থিত ছিলেন তার স্ত্রী নূরানী পারভেজ, কণ্যা লাবন্য, ইউপি সদস্যগণ ও গ্রামবাসী অনেকে।

## মহেশপুরে নিজ অর্থায়নে এলাকার

পানি জমার কারনে শিক্ষকসহ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য স্কুল মাঠের মাটি ভরাট ও হিন্দু সম্পদায়ের শেষ ঠিকানা শ্মশান ঘাটের রাস্তাটি নির্মানের জন্য স্কুল কতৃপক্ষ ও বাজার উন্নয়নের কমিটিসহ গ্রামবাসীরা এ সব দপ্তরে আবেদন করেও কোন লাভ হয়নি।
বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য শহিদুল ইসলাম জানান, চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু নিজ খরজে ভোলাডাঙ্গা বাজারের নিচ দিয়ে বয়ে যাওয়া কোদলা নদীটি খনন করে দিয়েছেন। পরে তিনি কোন প্রকল্প দিয়েছেন কি না তা আমার জানান নেই। তবে তিনি ভোলাডাঙ্গা গ্রামে নিজ খরজে বেশ কয়েকটি কাজ করেছেন।
ভোলাডাঙ্গা বাজারের ব্যবসায়ী ডাক্তার অশোর কুমার জানান, দেশ স্বাধীন হয়েছে ৫২ বছর। কত এম,পি,চেয়ারম্যান,জেলা পরিষদের চেয়ারম্যান চলে গেলো কিন্তু ভোলাডাঙ্গা গ্রামসহ বাজারের কথা কেউ ভাবলোনা। তিনি ক্ষোভের সাথে বলেন রাস্তা না থাকার কারনে আমার বাবার লাশ খাটিয়ায় করে পুকুরের ধার দিয়ে শ্মশান ঘাটে নিয়ে যাওয়া সময় আমার বাবার লাশটা পুকুরের পানিতে পরে যায়। তার পরও আমাদের গ্রামের একমাত্র শ্মশান ঘাটের রাস্তাটির জন্য বিভিন্ন দপ্তরে ধন্না দিয়েছি কিন্তু কোন লাভ হয়নি। শেষ মেশ এলাকার চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু নিজ উদ্যোগে পরিষদ থেকে বাজেট নিয়ে আমাদের শ্মশান ঘাটের রাস্তাটি নির্মান করে দিয়েছেন।
ভোলাডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাতাব উদ্দীন জানান, আমি এ খানে যোগদানের পর থেকেই দেখেছি স্কুল মাঠটি সব সময় কাদা-পানিতে ডুবে থাকতো। সে কারনেই স্কুলের শিক্ষক-শিক্ষিকাসহ স্কুলের ছাত্র-ছাত্রীদের আশা যাওয়া খুবই কষ্টকর হয়ে আসছিলো। আমি উপজেলা চেয়ারম্যান,উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তর ও জেলা পরিষদ চেয়ারম্যানের কাছেও স্কুল মাঠের চিত্র তুলে ধরে মাঠটি ভরাটের জন্য আবেদন করেছি। কিন্তু কোন লাভ হয়নি। তিনি আরো বলেন, শেষ মেশ বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু ভোলাডাঙ্গা বাজার ঘুরতে আসলে স্কুলের শিক্ষক-শিক্ষিকারা সকলেই গিয়ে আমরা তার কাছে আমারদের কষ্টের কথা গুলো বলার পর তিনি নিজ অর্থা স্কুলের মাঠে মাটি ভরাট করে খেলার মাছ তৈরী করে দিয়েছেন।
ভোলাডাঙ্গা বাজার কমিটির সভাপতি সিরাজুল ইসলাম মালিতা, আমাদের বাজারের কি অবস্থা ছিলো তা বলার মত না। একটু পানি হলেই কাদার জন্য আর কেউ দোকারদারী করতে পারতো না। এবার চেয়ারম্যান জিন্টু আমাদের বাজারের অলি গলি সব বালি দিয়ে ভরাট করে ইটের রাস্তা করে দিয়েছে।
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মেহেরুননেছা জানান, চেয়ারম্যান জিন্টু আমাদের কাছ থেকে প্রকল্পের অর্থ দিয়ে ভোলাডাঙ্গা গ্রামের শ্মশান ঘাটের রাস্তাটি করেছেন। আর বাকি রাস্তা বা মাটি ভরাট কাজ গুলো চেয়ারম্যান নিজের অর্থ দিয়ে করেছেন বলে শুনেছি।

## ৩ মাস সুন্দরবনে প্রবেশ নিষেধ

সদস্যরা সুন্দরবন, নদী ও সাগরে মাছ, কাঁকড়া ও বনজ সম্পদ আহরণ এবং পর্যটক গাইড হিসেবে কাজ করে জীবিকা নির্বাহ করেন।
পশ্চিম সুন্দরবনের সাতক্ষীরা রেঞ্জ সূত্রে জানা গেছে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশ মোতাবেক ২০১৯ সাল থেকে জুন, জুলাই,আগষ্ট এই তিন মাস সুন্দরবনের বিভিন্ন প্রজাতির উদ্ভিদ, প্রানী ও মৎস্য সম্পদের বৃদ্ধি ও প্রজননের সহযোগিতার জন্য সুন্দরবনে সকল সম্পদ আহরণ ও প্রবেশ বন্ধ করা হয়েছে। এ বছর ১ জুন থেকে এই নিষেধাজ্ঞা কার্যকরের পর এখনও অনেক বনজীবী পরিবারগুলোর কাছে পৌঁছায়নি সরকারি সহায়তা।
শ্যামনগর উপজেলা জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা তুষার মজুমদার বলেন, ‘উপজেলায় নিবন্ধন করা ২৩ হাজার মৎস্যজীবী রয়েছেন। এর মধ্যে কেউ খাল-বিলে, কেউ নদীতে আবার কেউ কেউ সাগরে মাছ ধরেন। এদের মধ্যে সমুদ্রে মৎস্য আহরণকারী ৭৯৫টি পরিবার দু-এক দিনের মধ্যেই ৫৬ কেজি করে চাল পাবে। ডিও হয়ে গেছে।৮ হাজার ৩২৪টি পরিবারের তালিকা পাঠানো হয়েছে। তারা ২০ জুলাইয়ের মধ্যে ৩০ কেজি করে চাল পেয়ে গেছে। তিনি আরও বলেন, ‘মৎস্য প্রজনন মৌসুমে নিষেধাজ্ঞার মধ্যে আমরা শুধু সাগরে মাছ আহরণকারীদের জন্য সহায়তা দিয়ে থাকি। সুন্দরবনের ?ওপর নির্ভরশীল পরিবারগুলোর কথা বন বিভাগ বলতে পারবে।
পশ্চিম সুন্দরবন সাতক্ষীরা রেঞ্জের সহকারী বন সংরক্ষক এ কে এম ইকবাল হোসেন চৌধুরী বলেন, ‘সাতক্ষীরা রেঞ্জে পর্যটক গাইড সহ ৯ থেকে সাড়ে ৯ হাজার মানুষ সুন্দরবনের বনজ সম্পদ আহরণের সঙ্গে জড়িত।
তাদের সরকারিভাবে সহায়তার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে চিঠি দেয়া হয়েছে। এখনও নির্দেশনা আসেনি।

## ঝিনাইদহে ১৪ দিন ব্যাপী বৃক্ষ

অনুষ্ঠানে নার্সারি মালিকদের মধ্য ১ম স্থাপন অর্জন করে ‘সোহান নিলয় নার্সারি। সমাপনী দিনের আলোচনা সভা শেষে নার্সারি মালিকদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## গাংনীতে বঙ্গবন্ধুর শাহাদত বার্ষিকীর

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী। এসময় উপস্থিত ছিলেন সরকাররের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ।

## সাতক্ষীরার আশাশুনিতে বয়স্ক

স্থানীয় এক চিকিৎসককে ডাকা হলে তিনি পরীক্ষা করে মৃত ঘোষণা করেন। মামলার বাদি নিহতের ভাই মোস্তাজুল ইসলাম জানান,ভাগ্নে ও ভাগ্নে বউয়ের অত্যাচারে অতিষ্ঠ ছিলেন আমার বোন।বোনকে হত্যা করে আড়ায় ঝুলিয়ে দেওয়া হয়েছে নাকি তিনি আত্মহত্যা করেছেন,আমরাতো সেটা দেখিনি। তবে বোনের মৃত্যুর সংবাদে ভাগ্নে পালিয়ে যাচ্ছিল। একপরযায়ে পাশের রামনগর গ্রাম থেকে জনতা তাকে আটক করে পুলিশে সোপর্দ করে।
আশাশুনি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোমিনুল ইসলাম পিপিএম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থানে গিয়ে সুরতহাল রিপোর্ট শেষে মৃতদেহ ময়না তদন্তের জন্য মর্গে প্রেরন করে। প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে, পারিবারিক কলহে তিনি আত্মহত্যা করেছেন। এঘটনায় নিহতের ভাই মোস্তাজুল ইসলাম বাদি হয়ে আত্মহত্যার প্ররোচনার অভিযোগে একটি মামলা করেছেন। ময়নাতদন্ত রিপোর্ট পাওয়ার পরে সঠিকভাবে জানা যাবে,তার মৃত্যুর কারণ।

## জমি জবর দখলকারীর বিরুদ্ধে

ফায়দা লুটেন তিনি। শুধু তা-ই নয়, বিরোধকে পুঁজি করে সুযোগ বুঝে ওই বিরোধপূর্ণ জমি নিজের বলে দাবি করে জবরদখল করেন তিনি। জমি জবরদখল করতে নানা ভয়-ভীতি দেখানোসহ জমির মালিকদের প্রাণনাশের হুমকি দেন তিনি। এছাড়া জমির মালিকদের অকথ্য ভাষায় গালিগালাজ করেন আনোয়ার। এসব কর্মকান্ডের বিরুদ্ধে কথা বললে রাতের বেলায় বাড়িঘরে ইটপাটকেল ছুঁড়ে ভয় দেখান তিনি। নেশা করাসহ নানা অপকর্ম করে সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করাই তার কাজ। এসব আচরনের কারনে তাকে সমাজচ্যুত করা হয়েছে। এসব বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি) সহ পিংনা ইউপি চেয়ারম্যানের কাছে লিখিত অভিযোগ দিয়েও কোন প্রতিকার পাওয়া যায়নি বলেও জানান তারা।
ভুক্তভোগীদের মধ্যে সুজাত আলী বলেন, কাওয়ামারা গ্রামে তিনি ও তার পরিবারের লোকজন দীর্ঘদিন ধরে পৈত্রিক ওয়ারিশ সূত্রে পাওয়া ৩০ শতাংশ জমি ভোগদখল করে আসছেন। ২০২১ সালে আনোয়ার হোসেন ওই জমির ১৩ শতাংশ জমি তার বলে দাবি করেন। পরে এ নিয়ে আদালতে মামলা চলমান রয়েছে।
একই এলাকার আব্দুল আওয়াল অভিযোগ করে বলেন, মাপের মাধ্যমে জমি সাত-পাঁচ করে ঝামেলা লাগানোই আনোয়ারের কাজ। সে ঝামেলা লাগিয়ে দুপক্ষের কাছ থেকে টাকা হাতিয়ে নেয়। এসবের প্রতিবাদ করায় তাকে হুমকি দিয়ে আসছে আনোয়ার। এছাড়া রাতের বেলায় বাড়িঘরে ইটপাটকেল ছুড়ে মারে।
ফরিদ মিয়া, আসাদুজ্জামান, শহিদুল ইসলাম তুহিন, রফিকুল ইসলামসহ অনেকে অভিযোগ করে বলেন, আনোয়ার জমি জবরদখলসহ নানা অপকর্মে লিপ্ত রয়েছে। তার কারনে কাওয়ামারা গ্রামের সামাজিক শৃঙ্খলা নষ্ট হচ্ছে। এ কারনে তাকে সমাজচ্যুত করা হয়েছে।
এ বিষয়ে ভূমি পরিমাপকারী (আমিন) আনোয়ার হোসেন অভিযোগ অস্বীকার করে বলেন, গরীব মানুষ কখনো জমি জবরদখল করতে পারে না। সমাজের প্রভাবশালীরাই হলো জমি চোর।
পিংনা ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম বলেন, আনোয়ার হোসেন তার ইউনিয়নের নিয়োগপ্রাপ্ত আমিন। ইতিমধ্যে সে নানা অপকর্মে জড়িয়ে পড়েছে। তার বিরুদ্ধে নানা অভিযোগ রয়েছে।
এ ব্যাপারে সহকারী কমিশনার (ভূমি) মো. সাদ্দাম হোসেন বলেন, অভিযোগের বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে।

## মেহেরপুরে গোভীপুর ফুটবল

অন্যদের মধ্যে ভৈরব ক্লাবের সাধারণ সম্পাদক পলাশ, সদস্য সেলিম রেজা,শাহনেওয়াজ, জাকির হোসেন, পিরোজপুর ইউনিয়নের সচিব আজিমদ্দীন, ইউপি সদস্য ইসমাইল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।খেলাটি পরিচালনা করেন সুমন তাকে সহযোগিতা করেন জাহাঙ্গীর হোসেন এবং আলমগীর হোসেন লালটু ।

## চুয়াডাঙ্গা পাসপোর্ট অফিসের

চেষ্টার পরও সচল হয়নি এভিআর মেশিন। এতে চরম দুর্ভোগে পড়েছের হাজার হাজার মানুষ। কবে নাগাদ সচল হবে কার্যক্রম, তা নিশ্চিত করে বলতে পারছেন না পাসপোর্ট অফিসের কর্মকর্তারা।
চুয়াডাঙ্গা পাসপোর্ট অফিস সূত্রে জানা গেছে, গত বুধবার (২৬ জুলাই) বিকেল ৫টার দিকে চুয়াডাঙ্গা শহরের হাসপাতাল সড়কের পাসপোর্ট অফিসের আওতাধীন একটি ট্রান্সফরমার বিস্ফোরিত হয়। এতে বিদ্যুতের ভোল্টেজ ওঠা-নামা করায় পুড়ে যায় পাসপোর্ট অফিসের অটোমেটিক ভোল্টেজ রেগুলেটর (এভিআর)। এর ফলে বন্ধ হয়ে যায় অফিসের পুরো সার্ভার। সার্ভার বন্ধ হওয়ার তিন দিনেও তা আর সচল করা সম্ভব হয়নি।
বিষয়টি ইমিগ্রেশন ও পাসপোর্ট অফিসের ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হলে সেখান থেকে প্রকৌশলীরা আসেন চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ে। বেশ কয়েকবার চেষ্টার পরও সচল করা যায়নি এভিআর। বারবার ভোল্টেজ ওঠানামার কারণে বিকল হয়ে পড়ে যন্ত্রটি।
চুয়াডাঙ্গা আঞ্চলিক পাসপোর্ট অফিসে গিয়ে দেখা যায়, প্রতিদিন যে অফিসে ৩ শতাধিক মানুষ সেবা নিতে আসতেন, সেই অফিস প্রাঙ্গণ এখন অনেকটাই ফাঁকা। অফিসে নেই কোনো ব্যস্ততা। দূরদূরান্ত থেকে আসছেন সেবা প্রত্যাশীরা, অথচ ফিরে যাচ্ছেন খালি হাতে। এতে মানুষের ভোগান্তি চরম পর্যায়ে পৌঁছেছে।
চুয়াডাঙ্গা সদর উপজেলা তিতুদহ এলাকা থেকে আসা রেজাউল করিম নামে এক সেবাপ্রত্যাশী বলেন, অফিস টাইমে পাসপোর্ট অফিসের সব কক্ষে তালা ঝুলছে। পাসপোর্ট নবায়ন করতে এসে কাগজপত্র জমা না দিয়েই ফিরে যেতে হচ্ছে।
আরেক সেবাপ্রত্যাশী জিয়াদুল ইসলাম বলেন, পাসপোর্ট সংশোধন করতে গিয়ে দেখি অফিসে লোকজন নেই। নিচের সবকটি সেবাকক্ষ বন্ধ। পরে শুনলাম সার্ভার বন্ধ আছে জন্য কাজ হচ্ছে না। আবার কবে আসতে হবে সেটিও ঠিক করে কেউ বলতে পারছেন না।
দর্শনা থেকে আসা মতিউর রহমান জানান, দূর থেকে এসেও পাসপোর্ট ডেলিভারি না পেয়ে ফিরে যেতে হচ্ছে। কিন্তু আগে থেকে বিষয়টি জানা থাকলে আর কষ্ট করে আসতে হতো না।
চুয়াডাঙ্গা আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপ-সহকারী পরিচালক আব্দুস সাত্তার জানান, গত বুধবার থেকে পাসপোর্ট অফিসের সেবা কার্যক্রম বন্ধ হয়ে পড়েছে। এর মধ্যে চুয়াডাঙ্গা বিদ্যুৎ বিভাগের কর্মী, ইমিগ্রেশন ও পাসপোর্ট অফিসের প্রকৌশলীরা এসে পর্যবেক্ষণ করেছেন। বারবার চেষ্টা করেও তা এখনও সচল হয়নি। ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক গোলযোগের কারণে এ সমস্যা হচ্ছে। তবে যে কোনো সময় এভিআর মেশিন চালু হতে পারে, তখন আর মানুষের দুর্ভোগ ভোগান্তি থাকবে না।

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন

শাহাবুদ্দিনের ছেলে। আহত সুরুজকে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোহেল আহত অবস্থায় আত্মগোপন করেছে। এলাকাবাসী জানাই আমঝুপি এলাকায় মাদক ব্যবসায়ী হিসেবে পরিচিত লিটন ও সোহেল মোটরসাইকেল যোগে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বাজিতপুর গ্রামে যাচ্ছিলেন। অপরদিকে গুচ্ছগ্রামের সুরুজ পায়ে হেঁটে তার গ্রামের বাড়ির দিকে আসছিলেন। এ সময় মোটরসাইকেল চালক পথচারী সুরুজকে ধাক্কা মারেন। ঘটনাস্থলে লিটনের মৃত্যু হয়। আহত তার সঙ্গী সোহেল আত্মগোপন করে। এবং সুরুজকে মেহেরপুর- ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন বুড়িপোতা সড়কে একটি সড়ক দুর্ঘটনায় লিটন নামের একজনের মৃত্যু হয়েছে, এলাকাবাসীর কাছ থেকে শুনেছি সে একজন মাদক সেবী তবে ময়নাতদন্তের পর বিষয়টি নিশ্চিত করা যাবে।

## অভয়নগরে পাষন্ড স্বামী কর্তৃক

জড়িত ব্যক্তিদের আইনের আওতায় এনে কঠিন শাস্তি নিশ্চিত করার জন্য প্রশাসনের উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন সচেতন মহল।
ভুক্তভোগির মা আলেয়া বেগম বলেন, আমার মেয়ে তিলার কাছে জামাই ইমরান সিকদার যৌতুকের টাকা চাই। দিতে অস্বীকার করায় তার স্বামী ইমরান তাকে অমানুষিক নির্যাতন করতে থাকে। এক প্রর্যায় ওই তিলা জ্ঞান হারিয়ে ফেলে। অবশেষে তার স্বামী ইমরান ও শ্বশুর-শাশুড়ি বাড়ির লোকেরা আমার মেয়ের শরীরে আগুন লাগিয়ে হত্যার চেষ্টা করে। এসময় চাচি শাশুড়ী ঘটনা দেখে আমার মেয়ের শরীরে আগুন নিভিয়ে দেয়। তাকে উদ্ধার করে দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। তিনি আরো বলেন, অভয়নগর থানায় অভিযোগ দিতে গেলে পুলিশ কোন ভাবেই অভিযোগ গ্রহন করেনি। আমাদের নড়াইল থানায় যেতে বলে তাড়িয়ে দিয়েছে। আমরা গরীব অসহায় মানুষ বলে কি পুলিশের কাছে কোন সহযোগিতা বা বিচার পাবোনা? এটা কেমন ধরনের অবিচার বলে তিনি কেঁদে ফেলেন।
কর্তব্যরত চিকিৎসক ডা. রফিকুল ইসলাম বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দ্বিতীয় তলার ৭ নম্বর বেড়ে চিকিৎসাধিন আছেন। আগুনে পুড়ে তার শরীর ক্ষতবিক্ষত হয়েছে। হাত, পা ও শরীরের বিভিন্ন অংশ পুড়ে গিয়েছে। অবস্থা খুবই আশঙ্কাজনক ঠিক হতে একটু সময় লাগবে। কিন্তু ক্ষত ঠিক হবে কিনা জানা নেই। এ ব্যাপারে অভয়নগর থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) মিলন কুমার মন্ডল জানান, ওই গৃহবধুদের পক্ষ থেকে একজনকে থানায় আসতে বলা হয়েছে। গৃহবধুকে আগুনে পুড়িয়ে হত্যা করার চেষ্টার বিষয়টা সম্পুর্ণ জেনেছি। থানায় আসলে আমরা অবশ্যই দেখবো এবং আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

## কু-প্রস্তাবে রাজী না হওয়ায় নারী

আকরাম হোসেনের ছেলে আব্দুল মতিন (৩৮) নামে এক বখাটে যুবককে অভিযুক্ত করে থানায় মামলা দায়ের করেছেন।
মামলা সূত্রে জানা যায়, বেশ কিছুদিন ধরে কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার(সিএইচসিপি) চিত্রা রানী ভৌমিককে স্থানীয় বখাটে যুবক আব্দুল মতিন প্রায় প্রতিদিন প্রেম ভালবাসার প্রস্তাব দেওয়াসহ বিভিন্ন সময়ে কুপ্রস্তাব দিতে থাকে। বিষয়টি লিখিতভাবে অফিসের উর্ধ্বতন কর্তৃপক্ষকেও অবগত করেছিল। গেল রবিবার কাদোয়া কমিউনিটি ক্লিনিকে সকাল ১০টার দিকে প্রবেশ করে চিত্রা রানীকে কুপ্রস্তাব দেয়। রাজি না হলে, ক্ষিপ্ত হয়ে চিত্রারানীকে মারধর করে আহত করে, স্থানীয় বখাটে আব্দুল মতিন। এসময় চিত্রারানীর মেয়ে অর্পিতা ভৌমিক এগিয়ে গেলে তাকেও মারধর,ও লাঞ্চিত করে ।
বিষয়টি অবগত হওয়ার পরপরই ঘটনাস্থলে ছুটে যান উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ সানজিদা মুজিবসহ থানা পুলিশ সদস্যরা। এ সময় চিত্রারানী ও তার মেয়েকে মারধর ও লাঞ্চিত করার বিষয় অবহিত হয়ে দূত চিত্রা রানী ভৌমিককে সুজানগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভর্তি করেন বলে জানান।
অফিস চলাকালীন দায়িত্বরত অবস্থায় চিত্রা রানী ও তার মেয়ে অর্পিতা ভৌমিকে মারধর লাঞ্চিত করায়, উপজেলার হিন্দু ধর্মীয় নেতৃবৃন্দর পাশা পাশি অভিযুক্ত বখাটেকে দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন বাংলাদেশ হিন্দু সেচ্ছাসেবক মহাজট কেন্দ্রিয় কমিটির সিনিয়য় সহ-সভাপতি মিঠুন কুন্ডু ।
এ বিষয়ে অভিযুক্ত আব্দুল মতিন গাঁ-ডাকা দেওয়ায় তার সাক্ষাৎকার নেওয়া সম্ভব হয় নাই।
সুজানগর থানা অফিসার ইনচার্জ(ওসি) জালাল উদ্দিন জানান, ঘটনা জানার পর আমরা ওখানে গিয়েছি, ভিকটিম একটি অভিযোগ দিয়েছে, প্রাথমিক প্রমান পাওয়ায় আমরা তার অভিযোগ গ্রহন করেছি, মামলার ভিত্তিতে আসামীকে ধরতে আমরা একাধিকবার বিভিন্ন যায়গায় অভিযান করেছি, আশা করি খুব শিগ্রই আসামিকে গ্রেফতার করতে পারবো বলে আশা করি।

## গাংনীতে র‌্যাবের অভিযানে

আহম্মেদ নামের একজনকে ১৫ বোতল ফেনসিডিলসহ হাতে-নাতে আটক করা হয়। এ ছাড়াও তার কাছ থেকে ১টি মোবাইল ফোন জব্দ করা হয়েছে। র‌্যাব ক্যাম্পের কমান্ডার ও সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান জানান, আটককৃত পলাশকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। সেই সাথে এঘটনায় মাদক আইনে একটি মামলা হয়েছে।

## অতিরিক্ত আইজিপি হলেন ৩ কর্মকর্তা

রহমান। প্রজ্ঞাপনে বলা হয়েছে, জনস্বার্থে জারিকৃত এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যোগদানপত্র প্রেরণ করবেন এবং পরবর্তী পদায়ন না হওয়া পর্যন্ত স্বপদে বহাল থেকে দায?িত্ব পালন করবেন।

## ১২ কেজি এলপিজির দাম বাড়ল

মাসেই এলপিজির দাম নির্ধারণ করে। তবে সব জায়গায় কার্যকর হতে দেখা যায় না।
বিইআরসির চেয়ারম্যান মো. নূরুল আমিন নতুন এই দর ঘোষণা করেন। ২০২১ সালের এপ্রিল থেকে এলপিজির দাম নির্ধারণ করে আসছে বিইআরসি। এলপিজি তৈরির মূল উপাদান প্রোপেন ও বিউটেন বিভিন্ন দেশ থেকে আমদানি করা হয়। প্রতি মাসে এলপিজির এই দুই উপাদানের মূল্য প্রকাশ করে সৌদি আরবের প্রতিষ্ঠান আরামকো।
এটি সৌদি কার্গো মূল্য (সিপি) নামে পরিচিত। এই সৌদি সিপিকে ভিত্তিমূল্য ধরে দেশে এলপিজির দাম সমন্বয় করে বিইআরসি।
বিইআরসির নতুন দর বলছে, বেসরকারি এলপিজির মূল্য সংযোজন করসহ (মূসক/ভ্যাটসহ) দাম নির্ধারণ করা হয়েছে প্রতি কেজি প্রায় ৯৪ টাকা ৯৬ পয়সা, যা গত মাসে ছিল ৮৩ টাকা ২১ পয়সা। এই হিসাবে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডারের দাম নির্ধারিত হবে।
তবে সরকারি কোম্পানির সরবরাহ করা এলপিজির দাম বাড়ানো হয়নি। আর গাড়িতে ব্যবহৃত এলপিজির (অটো গ্যাস) নতুন দাম নির্ধারণ করা হয়েছে প্রতি লিটার প্রায় ৫২ টাকা ১৭ পয়সা, যা এত দিন ছিল ৪৬ টাকা ৫৯ পয়সা। বাজারে সাড়ে ৫ কেজি থেকে শুরু করে ৪৫ কেজি পর্যন্ত বিভিন্ন আকারের সিলিন্ডার সরবরাহ করা হয়। গৃহস্থালি রান্নার পাশাপাশি রেস্তোরাঁ, পরিবহন, ছোট-বড় শিল্পকারখানাতেও এলপিজি ব্যবহার হচ্ছে। এই বাজারের ৯৯ শতাংশের বেশি বেসরকারি খাতের দখলে।

## কাঁঠাল পাড়তে গিয়ে প্রাণ গেল

পড়ে গিয়ে গুরুত্বর আহত হয়। বাড়ির লোকজন তাকে উদ্ধার করে বামনা হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত ডাক্তার দেখতে পায় সুখীর হাত-পা ভেঙে গেছে। উন্নত চিকিৎসার জন্য বরিশাল শেরে বাংলা মেডিকেলে পাঠালে হাসপাতালে পৌছার আগেই সুখী মারা যায়।
বামনা থানার ওসি মোহাম্মদ মাইনুল ইসলাম জানান, আমি ঘটনাটি শুনেছি। ঘটনাস্থলে অফিসার পাঠিয়েছি। উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলাপ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## বিএনপি ক্ষমতায় থাকলে লুট

ছাড়িয়ে প্রধান সড়কের দুদিকে অবস্থান নেন বিভাগের বিভিন্ন জেলা থেকে আসা নেতাকর্মীরা। নানা রঙের পোশাক আর বাদ্যযন্ত্রের তালে তালে গান গেয়ে উচ্ছ্বাস প্রকাশ করেন তারা।
রংপুর মহানগর আওয়ামী লীগের আহ্বায়ক ডা. দেলোয়ার হোসেনের সভাপতিত্বে জনসভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত আছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
এছাড়া সাবেক প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন, সাবেক নৌ পরিবহন মন্ত্রী শাজাহান খান, নৌ পরিবহন মন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক, প্রেসিডিয়াম সদস্য ও রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ, সমাজকল্যাণ মন্ত্রী নুরুজ্জামান আহমেদ, পানি সম্পদ উপমন্ত্রী এনামুল হক শামীম, আওয়ামী লীগের কোষাধ্যক্ষ এইচএন আশিকুর রহমান, সাবেক সাংস্কৃতিক মন্ত্রী আসাদুজ্জামান নূর, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস.এম কামাল হোসেন ও সুজিত রায় নন্দীসহ অন্য কেন্দ্রীয় নেতারা মঞ্চে উপস্থিত ছিলেন।

## দেশের সবচেয়ে বড় সৌরবিদ্যুৎ

পাওয়ার লিমিটেড। তিস্তা পাড়ের লাটশালা এলাকায় বিশাল এই কেন্দ্রটির নির্মাণ শুরু হয় ২০১৭ সালে। বসানো হয় সাড়ে পাঁচ লাখ সোলার প্যানেল। উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত করতে সুন্দরগঞ্জের তিস্তা পাড় থেকে রংপুর পর্যন্ত নির্মাণ করা হয়েছে ১২২টি টাওয়ারের ১৩২ কিলো ভোল্টের ৩৫ কিলোমিটার বিদ্যুৎ সঞ্চালন লাইন। নির্মাণ করা হয়েছে সাবস্টেশন, বসানো হয়েছে ইনভার্টারসহ সব ধরনের যন্ত্র।
বন্যা, নদী ভাঙনের মতো প্রাকৃতিক দূর্যোগ থেকে বিদ্যুৎকেন্দ্রটি রক্ষায় নির্মাণ করা হয়েছে বাঁধ ও চলাচলের জন্য সাত কিলোমিটার সড়ক। যার সুবিধা পাচ্ছেন স্থানীয়রা।
রংপুর সফরে এসে উত্তরের মানুষে জীবনমান উন্নয়নের প্রতিশ্রুতি পূরনের অংশ হিসেবে এই বিদ্যুতকেন্দ্র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
গত ডিসেম্বর থেকে পরীক্ষামূলকভাবে জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে উৎপাদিত বিদ্যুৎ। এ কেন্দ্র থেকে দিনে ২০০ মেগাওয়াট বিদ্যুৎ যোগ হবে জাতীয় গ্রিডে।
উদ্বোধন হল দেশের সবচেয়ে বড় সৌর বিদ্যুৎকেন্দ্র তিস্তা সোলার লিমিটেড
উদ্বোধন হল দেশের সবচেয়ে বড় সৌর বিদ্যুৎকেন্দ্র তিস্তা সোলার লিমিটেড
প্রকল্পটি নিয়ে বেক্সিমকো পাওয়ার লিমিটেড এর চেয়ারম্যান শায়ান এফ রহমান বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর একটা রোডম্যাপ আছে গে-াবাল ওয়ার্মিং নিয়ে, পরিবেশ রক্ষা নিয়ে। সরকার এটা নিয়ে অনেক কাজ করছে। বেক্সিমকো অনেক খাতে পাইওনিয়ার। আমরা মনে করি, এই রিনিউয়াবল এনার্জি সেক্টর ভবিষ্যত জ্বালানির জন্য অনেক গুরুত্বপূর্ণ হবে। তাই আমরা এখাতে বিনিয়োগের সিদ্ধান্ত নেই।
এই প্রকল্পটি শতভাগ বেক্সিমকো পাওয়ার লিমিটেডের মালিকায় উল্লেখ করে তিনি আরও বলেন, এই প্রকল্পে অর্থায়নে আমরা দেশে প্রথম সুকুক বন্ড চালু করি। এ প্রকল্পে আমাদের প্রায় ৩০০ মিলিয়ন ডলার খরচ হয়েছে। ভবিষ্যতে আমরা সরকারের পরিকল্পনা অনুযায়ী আরো সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের চিন্তা করছি।
এই প্রকল্প উত্তরবঙ্গে বিদ্যুৎ সরবরাহ বাড়ার পাশাপাশি ব্যবসা বাণিজ্যের সহায়ক পরিবেশ তৈরিতেও ভূমিকা ও কর্মসংস্থান সৃষ্টিতেও অবদান রাখবে বলে মনে করেন শায়ান এফ রহমান?
বিশ্বব্যাপি পরিবেশ রক্ষায় সৌরবিদ্যুৎ উৎপাদনে জোর দেয়া হচ্ছে। উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ও জ্বালানি আমদানি কমাতে সরকারও এখাতে জোর দিয়েছে। যার গুরুত্বপূর্ণ অংশীদার বেক্সিমকো। উত্তরবঙ্গে আরও একটি সৌর বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন করছে দেশের শীর্ষ এই শিল্পগ্রুপ।

## আওয়ামী লীগের সমাবেশকে ঘিরে

সভাস্থল জিলা স্কুল মাঠ ছাড়িয়ে নগরীর বিভিন্ন রাস্তা এবং সমাবেশ স্থলের আশপাশের এলাকাজুড়ে মানুষের ঢল নামে।
উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বশেষ রংপুরে এসেছিলেন ২০১৮ সালের ২৩ ডিসেম্বর। এ সময় তিনি রংপুরের পীরগঞ্জ ও তারাগঞ্জে দুটি নির্বাচনী জনসভা করেন। সাড়ে চার বছরের বেশি সময় পর তিনি আবার রংপুরে আসছেন। এর আগে ২০১১ সালের ৮ জানুয়ারি রংপুর জিলা স্কুল মাঠে মহাজোটের জনসভায় উন্নয়নের দায়িত্ব কাঁধে নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন প্রধানমন্ত্রী।

## বারবার কেন বেগম জিয়ার সঙ্গে

করছেন। বিএনপি সূত্রগুলো বলছে, বেগম খালেদা জিয়ার সঙ্গে নিয়মিত যোগাযোগের সুবিধার জন্যই তিনি উত্তরা ছেড়ে গুলশানে এসেছেন। কিন্তু বারবার বেগম খালেদা জিয়ার সঙ্গে মির্জা ফখরুল ইসলাম আলমগীর কেন সাক্ষাৎ করছেন এ নিয়ে রাজনীতিতে নানারকম গুঞ্জন ছড়িয়ে পড়েছে।
বেগম খালেদা জিয়া এখনো কাগজে কলমে কারাবন্দি। সরকার বিশেষ বিবেচনায় ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারা প্রয়োগ করে দুই শর্তে তাকে চিকিৎসা গ্রহণের জন্য ফিরোজায় থাকার অনুমতি দিয়েছেন। আনুষ্ঠানিকভাবে তিনি কোন রাজনৈতিক কর্মকাণ্ড করতে পারেন না এবং ২০২০ সালের মার্চ থেকে জামিনপ্রাপ্ত বেগম খালেদা জিয়া রাজনৈতিক কর্মকাণ্ড থেকে নিজেকে দূরে সরিয়ে রেখেছেন। বরং তার চিকিৎসা এবং অন্যান্য বিষয় নিয়েই তিনি মনোযোগী। এর মধ্যে হঠাৎ করে বেগম খালেদা জিয়ার সঙ্গে কেন বারবার মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাক্ষাৎ করছেন এ নিয়ে নানা রকম কথাবার্তা শোনা যাচ্ছে। এর একাধিক কারণ আছে বলে ধারণা করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।
বিএনপি নেতাদের সঙ্গে আলাপ করলেও তারা এ ব্যাপারে কোনো কথা বলতে রাজি হচ্ছে না। বরং বিএনপির নেতারা বলছেন যে, বেগম খালেদা জিয়া এখনও আনুষ্ঠানিকভাবে বিএনপি চেয়ারপারসন। এই জন্য দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তার সাথে সাক্ষাৎ করতেই পারেন। তবে মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ সাক্ষাতের ব্যাপারে গণমাধ্যমের কাছে আনুষ্ঠানিকভাবে কোনো কিছু বলছেন না। বিভিন্ন সূত্রগুলো বলছে, বিএনপি মহাসচিবের সাথে বেগম জিয়ার সাক্ষাতের তিনটি কারণ এবং প্রেক্ষাপট থাকতে পারে।

## তারেকের ৯, জোবাইদার ৩ বছরের

ঘোষিত আয়ের বাইরে চার কোটি ৮১ লাখ ৫৩ হাজার ৫৬১ টাকার মালিক হওয়া এবং সম্পদের তথ্য গোপন ও জ্ঞাত-আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়। এছাড়া মামলায় আসামি করা হয় তারেক রহমানের শাশুড়ি সৈয়দা ইকবাল মান্দ বানুকে।
এরপর ২০০৮ সালে তিনজনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন দুদকের উপ-পরিচালক তৌফিকুল ইসলাম। এ মামলা থেকে সৈয়দা ইকবাল মান্দ বানুকে অব্যাহতি দেওয়া হয়।
চলতি বছরের গত ২৭ জুলাই মামলার যুক্তিতর্ক শুনানি শেষ হয়। রাষ্ট্রপক্ষে দুর্নীতি দমন কমিশনের বিশেষ পিপি মোশারফ হোসেন কাজল শুনানি শেষ করেন। এরপর আদালত রায়ের তারিখ ধার্য করেন।

## কোকোর স্ত্রী শর্মিলার সঙ্গে

লন্ডনে বসবাস করছেন। ২০১৮ সালে যখন খালেদা জিয়া যখন বিএসএমএমইউতে ভর্তি ছিলেন তখন শাশুড়ির চিকিৎসার খোঁজখবর নিতে দেশে এসেছিলেন শর্মিলা রহমান। সর্বশেষ চলতি বছরের ২১ মার্চ শাশুড়ি খালেদা জিয়া ও অসুস্থ মাকে দেখতে ঢাকার এসেছিলেন তিনি। প্রায় দেড় মাস তিনি ঢাকায় ছিলেন। এর আগে ২০২১ সালেও যখন খালেদা জিয়া গুরুতর অসুস্থ হয়ে পরেন তখন তাকে দেখতে এসেছিলেন শর্মিলা রহমান। দলের অনেক নেতাকর্মী এমনকি জিয়া পরিবারের অনেকে অনেক সময় সরকারের দ্বারা নানা বাধার শিকার হলেও শর্মিলা রহমানকে সরকার কখনও কোন বাধা দেয়নি। বিভিন্ন সময় তিনি বিএনপি’র বিভিন্ন নেতাদের সঙ্গে দেখা করেছেন বৈঠক করেছেন। সেসব নিয়েও সরকারকে কখনও মাথা ঘামাতে দেখা যায়নি। তার অনেকেই ধারণা করছেন সরকারের সাথে শর্মিলা রহমানের একটি গোপন সম্পর্ক রয়েছে।
বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া দুর্নীতি মামলায় দণ্ডিত। তারেক জিয়া লন্ডনে পলাতক বাংলাদেশে সাজাপ্রাপ্ত আসামি। তারেক জিয়ার স্ত্রী জোবাইদার বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে দুদকের মামলার রায় জানা যাবে আজ। সবার বিরুদ্ধে যখন একের পর এক মামলা তখন কোন মামলা নেই শর্মিলা রহমানের বিরুদ্ধে এবং তিনি অবাধে দেশে আসছেন বেগম জিয়ার সঙ্গে দেখা করছেন। এই ঘটনাগুলো শর্মিলার সাথে সরকারের গোপন আঁতাতকেই ইঙ্গিত করে বলে মনে করছেন কোন কোন মহল।

## নির্বাচনের অযোগ্য হলেন

সিনিয়র স্পেশাল জজ মো. আসাদুজ্জামানের আদালত এ রায় ঘোষণা করেন। এর ফলে ডা. জোবাইদা রহমান জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচনের অযোগ্য বলে বিবেচিত হলেন।
উল্লেখ্য, সংবিধানের ৬৬ অনুচ্ছেদ ও গণপ্রতিনিধিত্ব আদেশের ১২ ধারা অনুযায়ী, দুই বছরের দণ্ডপ্রাপ্ত কোনো ব্যক্তি সংসদ নির্বাচনে অযোগ্য হবেন। সেই সঙ্গে সাজা ভোগ শেষে পাঁচ বছর পার করার পরই নির্বাচনে অংশ নিতে পারবেন।
জাতীয় নির্বাচনের মতো স্থানীয় নির্বাচনেও দুই বছরের বেশি সাজাপ্রাপ্ত ব্যক্তিও অযোগ্য।

## দেশে আইনের শাসন আছে তারেক

আদেশ দেওয়া হয়। ঢাকা মহানগর দায়রা জজ আদালতের বিচারক মো. আছাদুজ্জামান এ রায় ঘোষণা করেন। আইনমন্ত্রী বলেন, ‘সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময় ২০০৭ সালের ২৬ সেপ্টেম্বর এ মামলা দায়ের করা হয়। এই মামলা দায়ের করার পর হাইকোর্ট ও আপিল বিভাগ দ্বারা এই মামলা চলবে- এই রায়ের পর মামলার বিচারিক কাজ সম্পন্ন হয়। আমি মনে করি এটা বাংলাদেশে যে আইনের শাসন আছে তারই একটা প্রতিফলন এবং এটা অবশ্যই রাষ্ট্রের এ রকম প্রধানমন্ত্রীর পুত্র যদি এ রকম দুর্নীতি করে আমার তো মনে হয় সেখানে সাজা দেওয়টাই উচিত।’
তিনি বলেন, ‘আদালত যে সাজা দিয়েছেন আমি মনে করি দেশে আইনের শাসন আছে এবং আইনের শাসনে এই মামলায় বিচার করার দায়িত্ব আদালতের ছিল সেই দায়িত্ব আদালত সম্পন্ন করেছে।’
এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, ‘মামলাটা দায়েরের সময় তত্ত্বাবধায়ক সরকার ছিল। তখন সেই তত্ত্বাবধায়ক সরকারের সঙ্গে তাদেরই নিয়োগপ্রাপ্ত সেনাপ্রধানের যথেষ্ট সখ্য ছিল, সেটা সম্বন্ধে আমার কিছু বলার নেই। তারাই দুর্নীতির মামলা দায়ের করেছিল। তারা (বিএনপি) যদি বলেন ফরমায়েশি তাহলে আইন সম্বন্ধে তাদের সম্মুখজ্ঞান আছে বলে আমার সন্দেহ।’
নির্বাচনের আগে এই রায় দিয়ে জনগণকে বিভ্রান্ত করা হচ্ছে বলে দাবি করেছে বিএনপি- এ বিষয়ে জানতে চাইলে আনিসুল হক বলেন, ‘এখানে বিভ্রান্ত করার কী আছে? বিচারিক কাজ হয়েছে, রায় রেবিয়েছে। সাজা দেওয়াটা, আসামি তো আগে থেকেই সাজাপ্রাপ্ত। একুশ আগস্ট গ্রেনেড হত্যা মামলায় যাবজ্জীবন পেয়েছেন, আরেকটি দুর্নীতির মামলায় হাইকোর্ট তাকে সাত বছর দণ্ডাদেশ দিয়েছেন। নতুন করে এটা দিয়ে ওনার ভাবমূর্তি খারাপ করার তো আমাদের প্রচেষ্টার প্রয়োজন পড়ে না।’
আসামিকে দেশে ফিরিয়ে এনে রায় কার্যকর করাতে সরকারের উদ্যোগ থাকবে কি না, এ প্রশ্নে আনিসুল হক বলেন, ‘সব সময়ই থাকবে। সেটা আমাদের দায়িত্ব। আমরা (আসামিকে) ফিরিয়ে আনার চেষ্টা অবশ্যই করবো।’ ত্বড়িৎ গতিতে বিচার করার অভিযোগের বিষয়ে আইনমন্ত্রী বলেন, একদিকে বলা হয় যে এখানে বিচার হয় না, কারণ সবকিছু অত্যন্ত স্থুলগতিতে চলে। আবার আরেকদিকে বলা হয় বিচার তাড়াতাড়ি হয়ে গেছে। প্রথম কথা হচ্ছে যে তর্কটা যৌক্তিক হওয়া ভালো, এখানে অযৌক্তিক তর্ক করে শুধু একটি দোষী বা নির্দোষ এটা আদালতের ব্যাপার, আদালত তাকে দোষী সাব্যস্ত করেছে। কথা হচ্ছে যে দোষ যখন করেছে তখন শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টাটা না করাই উচিত।
বিএনপির রাজনীতি মাঠ থেকে শেষ করে দিতেই এসব রায় দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেছে বিএনপি। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে আইনমন্ত্রী বলেন, ‘আপনারা দেখছেন বিএনপি যখন রাজনীতি করছে তাদের কেউ বাধাগ্রস্ত করছে না। আইনের শাসনের জন্য তাদের অপরাধের বিচার করাটা আমার মনে হয় না তাদের রাজনীতি থেকে বিতিগিত করার পরিকল্পনা।’

# ইউক্রেনের ওডেসা বন্দর-শস্য ভাণ্ডারে রাশিয়ার হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের ওডেসা বন্দর এবং শস্য ভাণ্ডারে ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। স্থানীয় সময় গতকাল বুধবার সকালের দিকে এই হামলা চালানো হয়। টেলিগ্রামের এক পোস্টে আঞ্চলিক গভর্নর ওলেহ কিপার বলেন, বেশ কিছু স্থানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। খবর আল জাজিরার। কিপার জানান, হামলার কারণে ওডেসা বন্দরের বেশ কিছু স্থাপনায় আগুন ধরে যায়। তিনি জানিয়েছেন, জরুরি সেবার সদস্যরা ঘটনাস্থলে পৌঁছেছেন। তবে এখনো পর্যন্ত কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি। কৃষ্ণসাগর দিয়ে শস্য রপ্তানি চুক্তির মেয়াদ বাড়ানোর বিষয়টি প্রত্যাখ্যান করেছে রাশিয়া। এরপর থেকেই ইউক্রেনের শস্য এবং বন্দরের অবকাঠামোতে হামলা চালানো হচ্ছে। ইউক্রেনের গণমাধ্যমের খবরে বলা হয়েছে, কৃষ্ণ সাগর থেকে ড্রোনগুলো আঘাত হেনেছে এবং তারপর দানিউব নদীর পাশ দিয়ে পশ্চিমের ইজমাইলের দিকে চলে গেছে। শস্য রপ্তানির ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ একটি বন্দর। এদিকে যতই দিন যাচ্ছে ইউক্রেন-রাশিয়ার সংঘাত আরও তীব্র হচ্ছে। এর আগে ইউক্রেনের এক শীর্ষ কর্মকর্তা জানান, দেশটির উত্তর-পূর্বাঞ্চলে তীব্র লড়াই চলছে। বেশ কিছু এলাকায় কিয়েভ জয়ী হয়েছে বলেও দাবি করেন তিনি। তবে রুশ বাহিনীর দাবি, তারা উত্তর-পূর্বাঞ্চলে ইউক্রেনীয় বাহিনীকে রুখে দিয়েছে। এর আগে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেন, যুদ্ধ এবার রাশিয়ার দিকে যাচ্ছে। মস্কোতে এক ড্রোন হামলার পর জেলেনস্কি রাশিয়ার প্রতি হুঁশিয়ারি দিয়ে বলেন, যুদ্ধ এখন তাদের দিকেই ফেরত যাচ্ছে।

# পোল্যান্ড-বেলারুশ সীমান্তে উত্তেজনা

**আন্তর্জাতিক ডেস্ক :** বেলারুশের সামরিক হেলিকপ্টার আকাশসীমা লঙ্ঘন করেছে বলে পোল্যান্ড অভিযোগ করেছে। বেলারুশ সেই অভিযোগ অস্বীকার করেছে। ফলে রাশিয়া ও ন্যাটোর মধ্যে উত্তেজনার আশঙ্কা বাড়ছে। ইউরোপ তথা সামরিক জোট ন্যাটো রাশিয়ার হামলার মুখে ইউক্রেনকে নানা রকম সহায়তা দিয়ে চললেও সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়ার ঝুঁকি এড়িয়ে চলেছে। কিন্তু পোল্যান্ড ও বেলারুশ সীমান্তে চলমান উত্তেজনা সেই ভারসাম্যকে হুমকির মুখে ফেলছে। পোল্যান্ডের অভিযোগ, বেলারুশের দুটি সামরিক হেলিকপ্টার সীমান্ত পেরিয়ে আকাশসীমা লঙ্ঘন করেছে। খুবই কম উচ্চতায় ওড়ার জন্য রাডারে সেগুলির উপস্থিতি ধরা পড়ে নি।



এমন পরিস্থিতিতে মঙ্গলবার পোল্যান্ড সীমান্তে বাড়তি সৈন্য ও সামরিক হেলিকপ্টার পাঠানোর ঘোষণা করেছে। ন্যাটোকেও এই পদক্ষেপের কথা জানানো হয়েছে। বেলারুশ অবশ্য এমন অভিযোগ অস্বীকার করে ন্যাটোর সদস্য দেশ পোল্যান্ডের বিরুদ্ধে পালটা অভিযোগ করেছে। সীমান্তে সৈন্যসংখ্যা বাড়ানোর 'অজুহাত' হিসেবে এমন ভিত্তিহীন অভিযোগ তোলা হচ্ছে বলে বেলারুশ দাবি করছে। ঘটনাটি সম্পর্কে পোল্যান্ডের সেনাবাহিনীর বিবৃতিতে বার বার পরিবর্তনের প্রতি নজর আকর্ষণ করে বেলারুশের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, যে বিদেশি 'মনিব্ব'-দের সঙ্গে কথা বলেই পোল্যান্ড মতবদল করেছে। তাদের মতে, অভিযোগের সপক্ষে কোনো তথ্যও পেশ করা হয় নি। বেলারুশে রাশিয়ার ভাগনার ভাড়াটে বাহিনীর তৎপরতাও পোল্যান্ডের দুশ্চিন্তার কারণ হয়ে উঠছে। পোল্যান্ড সীমান্তের কাছে তাদের উপস্থিতি উত্তেজনা বাড়িয়ে তুলছে। শনিবার পোল্যান্ডের প্রধানমন্ত্রী মাতেয়ুশ মোরাভিয়েৎস্কি বলেন, প্রায় ১০০ ভাগনার যোদ্ধা পোলিশ সীমান্তের কাছে চলে আসায় পরিস্থিতি বিপজ্জনক হয়ে উঠছে। বেলারুশের প্রেসিডেন্ট আলেক্সান্ডার লুকাশেংকো মঙ্গলবার মসকরা করে বলেছেন, যে ভাগনার বাহিনীকে নিয়ন্ত্রণে রাখার জন্য পোল্যান্ডের বরং কৃতজ্ঞ থাকা উচিত। গত মাসে তিনি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুটিনের সঙ্গে আলোচনার সময়ে বলেন, কিছু ভাগনার যোদ্ধা সীমান্ত পেরিয়ে পোল্যান্ডের রাজধানী ওয়ারশ পর্যন্ত যেতে আগ্রহী। বেলারুশ যেভাবে ইউক্রেনের উপর হামলা চালাতে রাশিয়াকে সাহায্য করে আসছে এবং সে দেশে রুশ পরমাণু অস্ত্র মোতায়েন করতে দিয়েছে, তার ফলে পশ্চিমা জগতে উদ্বেগ রয়েছে।

তার উপর রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুটিন গত সপ্তাহে পোল্যান্ডকে সতর্ক করে দিয়ে বলেছেন, যে বেলারুশের ভূখণ্ড দখলের চেষ্টা করলে রাশিয়া সেই হামলাকে নিজের উপর হামলা হিসেবে বিবেচনা করবে। এমন উত্তেজনাকর পরিস্থিতিতে ইউক্রেন যুদ্ধের আঁচ সরাসরি ন্যাটোর উপর পড়তে পারে বলে আশঙ্কা বাড়ছে। তবে মার্কিন যুক্তরাষ্ট্র আপাতত ঘটনাটিকে অন্তত প্রকাশ্যে তেমন গুরুত্ব দিচ্ছে না।

# কোরআন পোড়ানোর পর সুইডেনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার

**আন্তর্জাতিক ডেস্ক :** সাম্প্রতিক কোরআন পোড়ানোর পর সুইডেনের ওপর হুমকি বেড়েছে। গত মঙ্গলবার দেশটির সরকার জানিয়েছে, এ কারণে দেশের অভ্যন্তরে নিরাপত্তা জোরদার করা হয়েছে এবং সীমান্তে ব্যাপক তল্লাশি করেছে পুলিশ। সুইডেন ও ডেনমার্ক সাম্প্রতিক সপ্তাহগুলোতে কোরআন পুড়ানো নিয়ে একের পর এক বিক্ষোভ দেখা গেছে। মুসলিম দেশগুলোতে ক্ষোভ তৈরি হয়েছে, তাই নর্ডিক সরকার এসব পোড়ানো বন্ধ করার দাবি জানিয়েছে। সোমবারও কোরআন পোড়ানোর ঘটনা ঘটেছে। উভয় দেশ বলেছে যে তারা উত্তেজনা কমাতে এই ধরনের কাজের জন্য আইন করে এর ব্যবস্থা নিতে যাচ্ছে। সুইডেনের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসন বলেছেন, ন্যাটোর বিলম্বে যোগদানের কারণে সুইডেনের নিরাপত্তা পরিস্থিতি জটিল ছিল। তিনি বলেন, সরকার সাময়িকভাবে অভ্যন্তরীণ নিরাপত্তা জোরদার করবে এবং সীমান্তেও লোকজনের পথরোধ করে তল্লাশি করেছে পুলিশ। তিনি তার দেশের জনগণকে দায়িত্বশীলভাবে কথা বলা ও সম্মানের সঙ্গে ব্যবহার করার আহ্বান জানিয়েছেন।



# চীনে বন্যায় ২০ জনের প্রাণহানি

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারী বর্ষণের কারণে সৃষ্ট ভয়াবহ বন্যায় বিপর্যস্ত চীনের রাজধানী বেইজিংসহ দেশটির উত্তরাঞ্চলে। টানা চারদিনের প্রবল বর্ষণে দেশটিতে প্রাণ হারিয়েছেন ২০ জন এবং নিখোঁজ কমপক্ষে ২৭ বাসিন্দা। বন্যাকবলিত এলাকা থেকে আরও হাজার হাজার মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেয়া হয়েছে। গতকাল বুধবার সংবাদমাধ্যম এপি'র খবরে এসব তথ্য জানানো হয়েছে। গত মঙ্গলবার টানা চতুর্থ দিনের মতো বেইজিং প্লাবিত হয়েছে শক্তিশালী টাইফুন ডকসুরির আঘাতে। প্রলয়ঙ্করী টাইফুনের প্রভাবে পানিতে তলিয়ে যাচ্ছে নতুন নতুন এলাকা। বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে নদ-নদীর পানি। তলিয়ে গেছে ঘর-বাড়ি, রাস্তাঘাটসহ ফসলি জমি। বাতিল করা হয়েছে অর্ধশতাধিত ফ্লাইট। বন্যার পানিতে আটকে পড়া একটি ট্রেন স্টেশন থেকে যাত্রীদের উদ্ধারে ব্যবহৃত হচ্ছে ৪টি সামরিক হেলিকপ্টার। নিয়োজিত রয়েছেন ২৬ সেনা সদস্যের একটি দল। সরবরাহ করা হচ্ছে প্রয়োজনীয় খাবার ও ওষুধ। শঙ্কার খবর হলো, আরেকটি টাইফুন 'খানুন' চীনের পূর্ব উপকূলের দিকে এগিয়ে আসছে। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুসারে, পুরো জুলাই মাসে যে পরিমাণ বৃষ্টিপাত হওয়ার কথা; গত ৪০ ঘণ্টায় সেটি রেকর্ড করা হয়েছে বেইজিংয়ে। চীনের রাজধানীতে বহাল রেড অ্যালার্ট। ফেংশান ও মেনতোগো এলাকায় উদ্বেগজনক হারে বেড়েছে পানির উচ্চতা। আটকা পড়েছে কমপক্ষে ৩টি ট্রেন। দুটি এলাকার রাস্তায় ডুবে গেছে কয়েকশ যানবাহন। জরুরি ভিত্তিতে ৪৫টি ট্যাংকার সরবরাহ করছে পানি।



# নির্বাচনের ফল পাল্টানোর প্রচেষ্টায় অভিযুক্ত ট্রাম্প

**আন্তর্জাতিক ডেস্ক :** ২০২০ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল বদলে দেয়ার প্রচেষ্টায় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে আবারও ফৌজদারি অভিযোগ আনা হয়েছে। এ নিয়ে বিগত চার মাসের মধ্যে তৃতীয়বারের মতো ফৌজদারি অভিযোগে অভিযুক্ত হলেন তিনি। গতকাল বুধবার কাতার ভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। এর আগে পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলসের মুখ বন্ধ রাখতে ঘুষ দেয়ার মামলায় অভিযুক্ত হন তিনি। এ ছাড়া তিনি যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রতারণা করার ষড়যন্ত্র এবং নাগরিক অধিকারের ষড়যন্ত্রের অভিযোগে অভিযুক্ত। আল-জাজিরার প্রতিবেদনে বলা হয়, ট্রাম্পের বিরুদ্ধে সর্বশেষ অভিযোগে বলা হয়েছে, নির্বাচনে পরাজিত হয়েও ট্রাম্প ক্ষমতা আঁকড়ে রাখতে চেয়েছিলেন। এ কারণে ২০২০ সালের ৩ নভেম্বর অনুষ্ঠিত নির্বাচনের পরে তিনি ফলাফলে জালিয়াতি হয়েছে দাবি করেন এবং প্রকৃতপক্ষে তিনিই জিতেছেন বলে মিথ্যা বলছিলেন। ট্রাম্পের বাক্?স্বাধীনতা রয়েছে উল্লেখ করে ৪৫ পাতার অভিযোগে বলা হয়েছে, তবে তিনি নির্বাচনের ফলাফল উল্টে দেয়ার জন্য বেআইনি পথ বেছে নিয়েছিলেন। ট্রাম্পের বিরুদ্ধে আনা অভিযোগগুলো হলো: যুক্তরাষ্ট্রকে প্রতারিত করার চক্রান্ত, সরকারি কাজে বাধা দেয়ার ষড়যন্ত্র, দ্রোহিতায় উসকানি এবং মিথ্যা বিবৃতি দেয়ার ষড়যন্ত্র। ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন জয়ী হন। জালিয়াতির অভিযোগ তুলে তৎকালীন প্রেসিডেন্ট ট্রাম্প ফলাফল মানতে রাজি না হওয়ায় বাইডেনের জয়ের সত্যায়নে ২০২১ সালের ৬ জানুয়ারি কংগ্রেসের যৌথ অধিবেশন বসে। সত্যায়ন প্রক্রিয়া ঠেকাতে ট্রাম্পের উস্কানিতে তার সমর্থকেরা কংগ্রেস ভবনে (ক্যাপিটল) হামলা চালায়। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের পক্ষে ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ তদন্তের নেতৃত্বদানকারী বিশেষ আইনজীবী জ্যাক স্মিথ মঙ্গলবার সন্ধ্যায় বলেছেন, ২০২১ সালের ৬ জানুয়ারি (কংগ্রেস ভবনে) ওই হামলা ছিল আমেরিকান গণতন্ত্রের আসনে একটি ভয়ংকর আক্রমণ। নতুন এই মামলায় ট্রাম্পকে আজ বৃহস্পতিবার ওয়াশিংটনের ফেডারেল আদালতে হাজির হওয়ার নির্দেশ দেয়া হয়েছে। ট্রাম্পের এই মামলায় বিচারক নিযুক্ত হয়েছেন মার্কিন ডিস্ট্রিক্ট জজ তানিয়া চুটকান। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের পক্ষে ট্রাম্পের বিরুদ্ধে এই তদন্তের নেতৃত্ব দিচ্ছেন বিশেষ আইনজীবী জ্যাক স্মিথ।

# ক্যালিফোর্নিয়ায় দাবানলে ভস্মীভূত গোটা মরুভূমি

**আন্তর্জাতিক ডেস্ক :** মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ক্যালিফোর্নিয়ার মোজাভে মরুভূমিতে অবস্থিত মোজাভে ন্যাশনাল প্রিজার্ভ পুড়ে ছাই হয়ে গেছে। মরুভূমির আগুন নেভাতে দমকলকর্মীরা দিনরাত চেষ্টা চালিয়ে যাচ্ছেন। অবস্থা খুবই ভয়াবহ। কর্মকর্তারা বলছেন, এই দবানলে গোটা মরুভূমি পুড়ে ছাই হয়ে যাবে। আগুন ইতোমধ্যেই আভি কোয়া আমে বা স্পিরিট মাউন্টেন, জাতীয় স্মৃতিসৌধের অংশে পৌঁছে গেছে। জাতীয় উদ্যানের কর্মকর্তারা এবং পরিবেশবিদরা জানিয়েছেন, দাবানলে পরিবেশের ব্যাপক পরিবর্তন হতে পারে। মোজাভে ন্যাশনাল প্রিজার্ভের ডেবরা হিউজন বলেন, 'দেশীয় গাছপালার একটি বিশাল এলাকা হারিয়ে ফেলেছি আমরা। অনেক পিনিয়ন, জুনিপার জোশুয়ার গাছ চিরতরে হারিয়ে গেছে। ক্যালিফোর্নিয়ায় ৮০ হাজার একরেরও বেশি এলাকা ভয়াবহ দাবানল জ্বলছে।

# অশান্ত হরিয়ানার বিভিন্ন অঞ্চল, কারফিউ জারি

**আন্তর্জাতিক ডেস্ক :** গোষ্ঠী সংঘর্ষে দ্বিতীয় দিনের মতো অশান্ত উত্তর ভারতের রাজ্য হরিয়ানা। রাজ্যের নুহ জেলায় একটি ধর্মীয় শোভাযাত্রায় পাথর ছোড়ার ঘটনাকে কেন্দ্র করে পরিস্থিতি ভয়াবহ হয়ে ওঠে। ধর্মীয় মিছিলটিকে আটকানোর চেষ্টার অভিযোগ ঘিরে আগুন জ্বলে। পুলিশকে লক্ষ্য করে চলে গুলি। আগুন লাগানো হয় একটি মসজিদেও। মারা গেছেন মসজিদের এক ইমাম। গোষ্ঠী সংঘর্ষ ছড়াচ্ছে গুরুগ্রামেও। এখন পর্যন্ত নিহত পাঁচজন, আহত হয়েছেন বহু। ভারতের একাধিক সংবাদমাধ্যমে বলা হচ্ছে, সোমবার গুরুগ্রামের কাছে নুহ-তে ধর্মীয় শোভাযাত্রা চলাকালীন সংঘর্ষের সূত্রপাত। পরিস্থিতি নিয়ন্ত্রণে নুহতে পুলিশ মোতায়েন করা হয়েছে। সেই সঙ্গে জারি করা হয়েছে ১৪৪ ধারা। নুহ জেলায় ১৪৪ ধারা জারির পাশাপাশি কারফিউ দেয়া হয়েছে।। একইসঙ্গে ইন্টারনেট সেবাও বন্ধ রয়েছে। নতুন করে সংঘাতময় এলাকার সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ, স্থগিত করা হয়েছে পরীক্ষাও। হরিয়ান এক হরিয়ানভি এক', এই স্লোগান দিয়ে মানুষের কাছে শান্তির আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টার। নুহ জেলায় মেতায়েন করা হয়েছে ২০ কোম্পানি আধা সামরিক বাহিনীও। রাস্তায় ব্যস্ত সময় পার করছেন পুলিশ কর্মকর্তারা। কোনো অশান্তি যাতে না ছড়ায়, সেদিকে রাখা হয়েছে কড়া নজর। যতক্ষণ না পর্যন্ত নুহ জেলা শান্ত হচ্ছে, ততক্ষণ চলবে কড়া নজরদারি। বিবিসির বলছে, ধর্মীয় স্থাপনাতেও হামলা চালানো হয়েছে। ঘটনার সূত্রপাত হিসেবে এনডিটিভি বলছে, গুরুগ্রাম-সংলগ্ন নুহ এলাকায় একটি ধর্মীয় শোভাযাত্রা চলাকালে সংঘর্ষ বাধে। বিশ্ব হিন্দু পরিষদ শোভাযাত্রাটি বের করে। এই শোভাযাত্রা গুরুগ্রাম-আলওয়ার জাতীয় মহাসড়কে পৌঁছা মাত্রই একদল তরুণ শোভাযাত্রা থামিয়ে দেন। এরপর তারা পাথর ছুড়তে শুরু করেন। বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, মাসকয়েক আগে নুহতে জুনায়েদ ও নাসির নামে দুই যুবককে তাদের গাড়িতে জীবন্ত জ্বালিয়ে মারার ঘটনায় প্রধান অভিযুক্ত মোনু মানেসর নামে এক ব্যক্তি ওই শোভাযাত্রায় অংশ নেবেন- এই খবর জানাজানি হলে এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। তবে মোনু মানেসর দাবি করেছেন, বিশ্ব হিন্দু পরিষদের পরামর্শে তিনি শেষ পর্যন্ত শোভাযাত্রায় যোগ দেননি।



# তাপমাত্রায় বিপর্যস্ত ইরান, দুদিনের সরকারি ছুটি ঘোষণা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইরানে মাত্রাতিরিক্ত তাপমাত্রার কারণে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। দেশটিতে দুদিনের সরকারি ছুটি ঘোষণা করা হয়েছে। ফলে দেশটিতে গতকাল বুধবার ও। আজ বৃহস্পতিবার সরকারি-বেসরকারি সব অফিস-আদালত বন্ধ থাকবে। এই সময় দেশটির জ্যেষ্ঠ নাগরিক ও অসুস্থ লোকজনকে বাড়িতে অবস্থানের নির্দেশ দেয়া হয়েছে। গত মঙ্গলবার ইরানের রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যমের প্রতিবেদনে সরকারি এই ছুটির তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, অতীতের সব রেকর্ড ভেঙে তাপমাত্রা সর্বোচ্চে পৌঁছানোয় সরকার দেশজুড়ে ছুটি ঘোষণা করেছে। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এক প্রতিবেদনে জানিয়েছে, ইরানের দক্ষিণাঞ্চলের অনেক শহর ইতোমধ্যে অস্বাভাবিক উচ্চ তাপমাত্রার কবলে পড়েছে। দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম বলেছে, দক্ষিণাঞ্চলীয় শহর আহভাজে চলতি সপ্তাহে তাপমাত্রা ১২৩ ডিগ্রি ফারেনহাইট (৫১ ডিগ্রি সেলসিয়াস) ছাড়িয়ে গেছে।

## বিনোদন

# ‘সিগমা বাংলাদেশ’ নিয়ে নেট দুনিয়ায় প্রশ্ন

**বিনোদন ডেস্ক :** “সিগমা বাংলাদেশ! যার জাতীয় ফল নাকি ‘করলা’। সেই করলা আবার খেতে নাকি মিষ্টি! এখানে পকেটে টাকা না থাকলে ফ্রি বুথ থেকে চাইলে টাকা পাওয়া যায়। কেউ ইভটিজিং করার কথা চিন্তা করলে নাকি অটোমেটিক শকট খায়। তাহলে এটা আবার কেমন বাংলাদেশ?” ‘সিগমা বাংলাদেশ’ নিয়ে এমন আরও অসংখ্য মন্তব্য, প্রশ্ন ঘুরপাক খাচ্ছে নেট দুনিয়ায়! কেন? মানুষ কোথায় পেল ‘সিগমা বাংলাদেশ’ শব্দ দুটি? এর মানেই বা কী? মূলত ‘সিগমা বাংলাদেশ’ শব্দ দুটির সাথে বাংলার দর্শকের পরিচয় ঘটে ওটিটি প্লাটফর্ম আইস্ক্রিনের প্রথম অরিজিনাল ওয়েব সিরিজ ‘আমি কী তুমি?’তে। ৮ পর্বের এই রহস্য সিরিজটি নির্মাণ করেছেন সময়ের অন্যতম জনপ্রিয় নির্মাতা ভিকি জাহেদ। ২৭ জুলাই আইস্ক্রিনে সিরিজটি স্ট্রিমিংয়ের পর নেট দুনিয়ায় রীতিমত আলোচনায়। বিশেষ করে সিনেমার বিভিন্ন গ্রুপ ও পেজে সিরিজটি নিয়ে দর্শকের তুমুল আগ্রহ লক্ষ্য করা গেছে। যারাই দেখছেন, করছেন তুমুল প্রশংসা। বাংলাদেশের নাটক, সিনেমায় প্যারালাল বা সমান্তরাল জগতের গল্প খুব একটা দেখা যায়নি। কিন্তু ‘আমি কী তুমি’-তে দেখানো হয়েছে একটা সমান্তরাল জগতের গল্প। যা দর্শকের হৃদয়ে ঠাঁই করে নিয়েছে। বাংলাদেশের প্যারালাল ভার্সন সিগমা বাংলাদেশ, সিরিজে এমন কল্প জগতের কথা শুনে বহু দর্শক এটি নিয়ে কৌতূহলী হয়ে উঠছেন। আর যারা দেখেছেন, তারা দ্বিতীয় সিজন দেখার অপেক্ষায় আছেন! সিরিজের মূল চরিত্র তিথি নামের একজন মেয়ে। যার জীবনের একটাই লক্ষ্য; আর তা হলো সিনেমার নায়িকা হওয়া। শহরে একের পর এক ঘটতে থাকা নারী হত্যা এবং সিনেমায় কাজ করার ব্যাপারে পরিবারের চাপ কোনো কিছুই তার পথের কাঁটা হতে পারে না। কিন্তু একদিন রহস্যময় ক্রিস্টাল বৃষ্টির পর থেকে অদ্ভুত সব ঘটনা ঘটতে শুরু করে তিথির জীবনে। শুধু তাই নয়, পুরো জীবনের মানেটাই বদলে যায় তিথির কাছে। এমনই রহস্যে মোড়া জীবনচরিতের চারপাশ জুড়ে চিত্তাকর্ষক এক আবহের সৃষ্টি করা হয়েছে আকাশের গায়ে সবুজ বলয়রেখা দেখিয়ে। দৃশ্যটি দর্শকদের মনে একটাই সম্ভাবনার উদয় ঘটায়; আর তা হচ্ছে পৃথিবীতে এলিয়েন আগ্রাসন। কিন্তু তার সত্যতা এই প্রথম সিজনেই যাচাই করা হয়নি। এর জন্য অপেক্ষা করতে হবে দ্বিতীয় সিজনের জন্য। এতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন মেহজাবীন চৌধুরী। আরও আছেন শ্যামল মাওলা, সাদিয়া ইসলাম মৌ, জুনায়েদ বোকদাদি, ফজলুর রহমান বাবু, আবদুল্লাহ আল সেন্টু, ওয়াহিদা মল্লিক, তারিক আনাম খান, আনোয়ার শাহী ও রফিউল কাদের রুবেল।

# অপুর ‘লাল শাড়ি’তে মুগ্ধ কলকাতার দর্শক


**বিনোদন ডেস্ক :** এবার কলকাতায় অনুষ্ঠিত ‘৫ম বাংলাদেশ চলচ্চিত্র উৎসব’ এ প্রদর্শিত হলো সাইমন সাদিক ও অপু বিশ্বাস অভিনীত নতুন ছবি ‘লাল শাড়ি’। সেখানকার দর্শকরা ঢাকার এই ছবিটি দেখে মুগ্ধতা প্রকাশ করেছেন। ‘লাল শাড়ি’ দেখে ইউটিউবে দর্শকদের ইতিবাচক রিভিউ দেখা যাচ্ছে, যেখানে দর্শকরা মুগ্ধতা জানাচ্ছেন। কেউ কেউ বলছেন, নায়িকা অপু বিশ্বাসকে খুব পছন্দ হয়েছে, আবার কেউ বলছেন, ছবির নায়ক সাইমনের অভিনয়ও ভালো হয়েছে। পশ্চিমবঙ্গের দর্শকদের কথা, বাংলাদেশের তাঁত শিল্পী অনেক অজানা অধ্যায়, এর সঙ্গে জড়িতদের সুখ দুঃখ এবং বাংলাদেশের কালচার সম্পর্কে তারা জেনেছেন। একাধিক দর্শকদের কথা, পশ্চিমবঙ্গে বাংলাদেশের ছবিগুলো আসে না। তবে ঢাকার অনেক শিল্পীদের সিনেমার কথা ফেসবুকের কল্যাণে তারা জানেন। সরকারী অনুদানের পাশাপাশি নিজের প্রযোজনা প্রতিষ্ঠান জয় অপু প্রডাকশনের ব্যানারে নির্মিত প্রথম ছবি ‘লাল শাড়ি’। সেই হিসেবে এই ছবির প্রযোজক নায়িকা অপু বিশ্বাস নিজেই। গত ঈদুল আযহায় বাংলাদেশের সিনেমা হলগুলোতে প্রদর্শিত হয়েছে বন্ধন বিশ্বাস পরিচালিত এ ছবি। নন্দনে ছবিটি প্রদর্শনীর পর অপু বিশ্বাস বলেন, আমার খুব ভালো লাগছে, আমার অভিনীত ছবি ‘লালশাড়ি’ এখানকার এত মানুষ দেখেছেন। কলকাতার সিনেমাপ্রেমী ভক্তরা ‘লাল শাড়ি’ দেখে খুশী হয়েছেন এতে মনে করি আমারসহ পুরো টিমের পরিশ্রম সার্থক হয়েছে। সাইমন সাদিক বলেন, এই অভিজ্ঞতা আমার জন্য নতুন। এখানকার দর্শকরা ছবি দেখে যেভাবে দোয়া আশীর্বাদ করলেন এটা আমার বিশাল অর্জন বলা যায়। কলকাতা আমাদের প্রতিবেশী শহর। এখানকার মানুষরা আমাদের ছবি দেখতে চায়। আমি চাইবো ভবিষ্যতে তারা আমাদের ছবি দেখুক। ২৭ জুলাই সন্ধ্যায় কলকাতার নন্দনে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয় পঞ্চম বাংলাদেশ চলচ্চিত্র উৎসবের। সেখানে বাংলাদেশের আরও ২১টি ছবির প্রদর্শনী হয়। উদ্বোধন করেছিলেন বাংলাদেশের তথ্য ও সম্প্রচারমন্ত্রী হাছান মাহমুদ। ছিলেন সাইমন, অপু বিশ্বাস, পূর্ণিমা, ফেরদৌসসহ অনেকেই। ৩দিন ব্যাপি এই উৎসবে বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগের আয়োজন করেছে কলকাতায় বাংলাদেশ উপহাইকমিশন।



# শিল্পকলায় শোকাবহ আগস্টে মাসব্যাপী অনুষ্ঠানমালা

**বিনোদন প্রতিবেদক :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে শোকাবহ আগস্টে ‘শোক থেকে শক্তির অভ্যুদয় স্বপ্ন বাস্তবায়নের দৃঢ় প্রত্যয়’ শিরোনামে মাসব্যাপী অনুষ্ঠানমালায় যা যা থাকছে- বঙ্গবন্ধুকে নিয়ে চিত্রকর্ম ও আলোকচিত্র প্রদর্শনী এবং মাসব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন : জাতীয় চিত্রশালা মিলনায়তন ও চিত্রশালা গ্যালারি-১, ১ আগস্ট-৩১ আগস্ট ২০২৩।

৫ আগস্ট- অনুষ্ঠান : ‘শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি’, উৎসর্গ : শহীদ ক্যাপ্টেন শেখ কামাল।
অনুষ্ঠিত হবে জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে।
৬ আগস্ট - বঙ্গবন্ধু স্মারক বক্তৃতা এবং শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি : রবীন্দ্রনাথ ও বঙ্গবন্ধু।
অনুষ্ঠিত হবে জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে।
৭ আগস্ট- বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবকে নিয়ে নির্মিত চলচ্চিত্রের উদ্বোধনী প্রদর্শনী, অনুষ্ঠিত হবে জাতীয় নাট্যশালা মিলনায়তনে।
১৮ আগস্ট- ‘শিল্পের আলোয় শ্রদ্ধাঞ্জলি’ উৎসর্গ : বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব। অনুষ্ঠিত হবে জাতীয় নাট্যশালা মিলনায়তনে।



# মেনকার সাথে খেলবেন নুসরাত ফারিয়া

**বিনোদন প্রতিবেদক :** ঢাকাই সিনেমার চিত্রনায়িকা নুসরাত ফারিয়া। কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করলেও আইটেম গানে কোমর দোলাতে দেখা যায় তাকে। সর্বশেষ ‘সুড়ঙ্গ’ সিনেমার আইটেম গানে নেচে মাত করেন ভক্তদের। ফের আইটেম গানে দেখা যাবে এই অভিনেত্রীকে। ভারতীয় বাংলা সিনেমার পরিচালক রাজ চক্রবর্তী নির্মাণ করছেন ওয়েব সিরিজ ‘আবার প্রলয়’। এতে আইটেম গানে পারফর্ম করবেন দুই বাংলার জনপ্রিয় এই অভিনেত্রী। ‘মেনকা’ শিরোনামে আইটেম গানটির একটি পোস্টার প্রকাশ করা হয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে। এতে নুসরাতের সঙ্গে দেখা যায় গৌরব চক্রবর্তীকে। রাজ চক্রবর্তী এন্টারটেইনমেন্টের অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশ করা হয়েছে পোস্টারটি। আর ক্যাপশনে লেখা হয়েছে- ‘ড্যান্স ফ্লোরে এবার আগুন লাগাতে আসছে মেনকা।’ এদিকে গানটির টিজার ফেসবুকে শেয়ার করে নুসরাত ফারিয়া লিখেছেন, ‘খেলা হবে মেনকার সাথে।’ এ প্রসঙ্গে নুসরাত ফারিয়া বলেন, ‘‘আবার প্রলয়’ ওয়েব সিরেজের অপেক্ষায় ছিলেন দর্শকরা। তাদের অপেক্ষার অবসান হতে যাচ্ছে। আগামীকাল শুক্রবার গানটি প্রকাশ হবে। ‘মেনকা’ গানটিতে আমার পারফরম্যান্স দর্শকদের ভালো লাগবে- এমনটাই আমার প্রত্যাশা।’’ গোবরডাঙার সুটিয়া গ্রামের প্রতিবাদী শিক্ষক বরুণ বিশ্বাস খুনের ঘটনাকে নিয়ে কিছু সত্যি এবং কিছু কাল্পনিক ঘটনার মিশেলে ২০১৩ সালে রাজ চক্রবর্তী নির্মাণ করেন ‘প্রলয়’। এর গল্পে নির্বিচারে নারী ধর্ষণের বিষয়টি তুলে ধরা হয়।

# আত্মহত্যা করেছেন বলিউড সিনেমার আর্ট ডিরেক্টর

**বিনোদন ডেস্ক :** বলিউডের বিখ্যাত আর্ট ডিরেক্টর নীতীন চন্দ্রকান্ত দেশাই নিজের স্টুডিও অর্থাৎ এনডি স্টুডিওতে আত্মঘাতী হয়েছেন। মুম্বাই থেকে ৮০ কিলোমিটার দূরে অবস্থিত করজাত। সেখানেই ছিল নীতীন চন্দ্রকান্ত দেশাইয়ের এই স্টুডিও। বুধবার সকালে এই ঘটনাটি ঘটেছে বলে জানা গেছে। যদিও কেন তিনি এমন পথ বেছে নিলেন সেটা এখনও স্পষ্ট নয়। নীতীন দেশাই বা নীতীন চন্দ্রকান্ত দেশাই মূলত তাঁর শিল্প, তাঁর তৈরি করা ডিজাইন স্টুডিও, ইত্যাদির জন্যই বলিউডে সুপরিচিত ছিলেন। বলিউডে যথেষ্ট পরিচিতি ছিল তাঁর। তিনি একাধিক বড় বাজেট এবং সুপার হিট ছবিতে কাজ করেছেন। মূলত মারাঠি এবং হিন্দি ছবিতে কাজ করতেন। এই দুই ইন্ডাস্ট্রির সঙ্গে তাঁর নিবিড় যোগাযোগ ছিল। তাঁর তৈরি করা দুর্দান্ত সব সেট, স্টুডিও দেখা গিয়েছে লাগান, হাম দিল দে চুকে সনম, যোধা আকবর, দেবদাস, প্রেম রতন ধন পায়ো, ইত্যাদি ছবিগুলোতে। তাঁর করা অন্যতম সেরা কাজের মধ্যে আছে সালাম বম্বে, আকেলে তুম, আকেলে হাম, ইত্যাদি। ২০১৬ সালে দিল্লিতে অনুষ্ঠিত হওয়া ওয়ার্ল্ড কালচারাল ফেস্টিভ্যালে কাজ করেছিলেন তিনি। তিনি ভারতীয় সিনেমা জগতে মূলত আর্ট ডিরেক্টরের পাশাপাশি প্রোডাকশন ডিজাইনার হিসেবেও বেশ বিখ্যাত ছিলেন। নীতীন দেশাই আশুতোষ গোয়ারিকর, বিধু বিনোদ চোপড়া, রাজকুমার হিরানি, সঞ্জয় লীলা বনশালি প্রমুখ পরিচালকদের সঙ্গে কাজ করেছেন। তিনি ২০০২ সাল থেকে প্রযোজনাও শুরু করেন। সেই বছর তিনি চন্দ্রকান্ত প্রোডাকশন চালু করেন। এই প্রযোজনা সংস্থার তরফে যে ছবিটির প্রথম প্রযোজনা করা হয় সেটি একটি ভক্তিমূলক ছবি ছিল।



# নিউ ইয়র্কে বিরল ঘটনা ঘটালেন শাকিব

**বিনোদন ডেস্ক :** সিনেমার সাফল্য তো বটে, তবে আরও কিছু বিষয়ে অন্য নায়কদের সঙ্গে শাকিব খানের পার্থক্য স্পষ্ট। যেমন তিনি তার সিনেমা মুক্তির পরে প্রচারের জন্য কোনো অনুষ্ঠান করেন না। হলে গিয়ে দর্শকের প্রতিক্রিয়া দেখেন না কিংবা দর্শকের উৎসাহ বাড়াতেও হলমুখী হন না। অর্থাৎ নিজেকে বরাবরই অধরা রাখতে পছন্দ করেন এই নায়ক। পৃথিবীতে এমন নজির নিতান্তই কম। বছরের পর বছর ধরে চলা এই অলিখিত প্রথায় এবার ছেদ টানলেন শাকিব খান। দেশে নয়, দূর যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কের জ্যামাইকা মাল্টিপ্লেক্সে। যেখানে গত ৭ জুলাই থেকে টানা প্রদর্শিত হচ্ছে তার অভিনীত নতুন সিনেমা ‘প্রিয়তমা’। এই প্রেক্ষাগৃহেই দর্শকের সঙ্গে বসে নিজের সিনেমা দেখলেন ঢাকাই নবাব। যে ছবি ও ভিডিও অন্তর্জালে এলো ‘প্রিয়তমা’ নির্মাতা হিমেল আশরাফসহ অন্য দর্শকদের সৌজন্যে। মঙ্গলবার সিনেমাটি দেখেছেন তারা। এ সময় শাকিবের পাশে বসেছিলেন অভিনেত্রী নওশীন, অভিনেতা হিল্লোল, নির্মাতা হিমেল আশরাফ ও প্রধানমন্ত্রীর সাবেক উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন প্রমুখ।

# কলকাতার ‘উনিশে এপ্রিল’-এ শুভ

**এফএনএস বিনোদন:** কলকাতা শহরে সত্তরের দশকে সংঘটিত সুরূপা গুহর মৃত্যুরহস্য ছিল একটি আলোচিত ঘটনা। সেই মৃত্যু রহস্য নিয়ে কলকাতায় নির্মিত হয়েছে ওয়েব সিরিজ ‘উনিশে এপ্রিল’। অরিন্দম শীল নির্মিত আট পর্বের থ্রিলার ঘরানার এ সিরিজে অভিনয় করেছেন জনপ্রিয় অভিনেতা আরিফিন শুভ। সংবাদ মাধ্যমকে বিষয়টি নিশ্চিত করে আরিফিন শুভ বলেন, ‘আগে এ ধরনের চরিত্রে কাজের সুযোগ হয়নি আমার। গল্প বেজড কাজটিতে একেবারে ভিন্ন ধরনের চরিত্র। এটি আমার জন্য দারুণ একটি কাজ হয়েছে।’ এছাড়া আরিফিন শুভ প্রসঙ্গে কলকাতার নির্মাতা অরিন্দম শীল বলেন, ‘শুভর সঙ্গে অনেক দিন ধরে কাজ করার ইচ্ছা। শুভও চাচ্ছিল আমরা একটা কাজ করব। কাজটি করার জন্য আমি তাকে ফোন করেছিলাম, সঙ্গে সঙ্গে সে রাজি হয়ে যায়। পরে শুনেছি, সে অন্য একটি সিনেমার শুটিং পিছিয়ে আমার এই কাজের শিডিউল দিয়েছে। সে আমার অনেক আদরের। মিষ্টি একটি ছেলে, অনেক ফ্রেন্ডলিও। চুপচাপ কাজ করে। প্রচণ্ড মেথড অ্যাক্টর সে। মাথা দিয়ে কাজ করতে চায়। তার সঙ্গে কাজ করে ভালো লাগল।’ জানা যায় ,কলকাতার বিভিন্ন লোকেশনে টানা বিশ দিন শুটিং শেষ করে দেশে ফিরেছেন শুভ। সিরিজটিতে একজন শিক্ষাবিদের চরিত্রে দেখা যাবে তাকে। এমন চরিত্রে তাকে আগে দেখা যায়নি। বছর পাঁচেক আগে একই নির্মাতার ‘বালি ঘর’ নামে একটি ছবিতে কাজ করার কথা ছিল শুভর। কিন্তু নানা কারণে সেসময় ছবিটি আর হয়নি। এরপর তিনি কলকাতায় ‘আহারে’ নামের একটি সিনেমায় অভিনয় করেছেন।



অভিনেতা বলেন, ‘বালি ঘর না হলেও তার সঙ্গে আমার যোগাযোগ ছিল। কলকাতায় গেলে দেখা হতো, আড্ডা হতো। দারুণ একজন মানুষ। তার সঙ্গে কাজ করতে গিয়ে একবারও মনে হয়নি আমি ঢাকাতে নাই। কাজের সময় খুব আরাম করে কাজ করেন তিনি।’

# “হাফপ্যান্ট পরে যাওয়ায় প্লেট ধোয়ানো হয়েছে”

**বিনোদন ডেস্ক :** হাফপ্যান্ট পরে যাওয়ায় টেলিভিশন অভিনেতা ও কন্টেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরকে দিয়ে প্লেট ধোয়ানো হয়েছে। এমন কথা সালমান মুক্তাদির নিজেই জানিয়েছেন সোশ্যাল হ্যান্ডেলে। একটি পিজা বানানোর প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত সালমান মুক্তাদির। রাজধানীতে এই প্রতিষ্ঠানের নতুন একটি শাখা খোলা হয়েছে। মঙ্গলবার সেখানে যথারীতি যান সালমান। হাফপ্যান্ট পরে গিয়েছেন তাই তাঁকে দিয়ে কার্যত জোর করেই প্লেট ধোয়ানো হয়েছে। সালমান বলেন, গতকাল বনশ্রীতে কাস্টমাররা এসে আমাকে খুঁজছিল। কিন্তু আমাদের মার্কেটিং হেড বলছিল, আমি নাকি যাইনি, আর আমি নাকি ফোনও বন্ধ রেখেছি। কিন্তু সেটা মিথ্যা। কাস্টমারের চাপ ছিল, আর আমি হাফপ্যান্ট পরে যাওয়ায় আমাকে প্লেট ধোয়ার কাজে লাগানো হয়। অবশ্য সালমান মুক্তাদির যে ঢঙ্গে সোশ্যাল হ্যান্ডেলে বিবরণ দিচ্ছিলেন।